# বোর্ড পরীক্ষার প্রশ্ন

## বোর্ড পরীক্ষা, ২০১২

### বৌদ্ধধর্ম শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

**সৃজনশীল প্রশ্ন**

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | পূর্ণমান — ৬০

**ক অংশ**

**১.** ▶ অনুপম ও সুপম অনাথ আশ্রমে পড়ালেখা করার পর প্রব্রজ্যা জীবন গ্রহণ করলেন। অনুপম ভিক্ষুত্ব জীবনে আটাশ প্রকার বুদ্ধের গুণকীর্তন শ্রদ্ধাসহকারে প্রতিপালন করে বর্তমানে বুদ্ধের পথ অনুসরণ করেন এবং দুঃখ থেকে মুক্তির উপায় বুঝতে সক্ষম হন। অন্যদিকে সুপম সম্যক সম্বুদ্ধের শিষ্য মণ্ডলীদের পথ অবলম্বন করে আর্য অষ্টাঙ্গিক মার্গ অনুশীলনের মাধ্যমে তৃষ্ণা ক্ষয়ের প্রচেষ্টায় রত আছেন।

ক. গৌতম কত রকম লিপি আয়ত্ত করেন? ১
খ. পৃথিবীর সব জ্ঞানী ব্যক্তি বুদ্ধ নন কেন? ব্যাখ্যা কর। ২
গ. সুপম ভিক্ষুত্ব জীবনে ভাবীবুদ্ধের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুপম ভিক্ষুত্ব জীবনে কোন মহামানবের গুণটি বুঝতে সক্ষম হলেন? ধর্মীয় দৃষ্টিতে বিশ্লেষণ কর। ৪


**২.** ▶ নির্মল দুঃশীল ব্যক্তি। সে সর্বদা মিথ্যা কথা বলে এবং প্রাণী হত্যা করে। তবে সে যা খায় তা অপরকে দান করে। একদিন এক চোরের সাথে তার সাক্ষাৎ হয়। চোর সর্বদা নেশাও পান করে। একদিন নির্মল চোরকে একশত টাকা এবং একটি পরনের কাপড় দান করে।

ক. কোন রাজা নিজের স্ত্রী, পুত্র, কন্যা দান করেছিলেন? ১
খ. দানের সাথে স্বত্ব ত্যাগের বিষয়টি জড়িত কেন? ব্যাখ্যা কর। ২
গ. নির্মল কোন ধরনের দাতা তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "নির্মলের দানটি মহাফলদায়ক নয়"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৩.** ▶ হৃদয় বিহার থেকে বাড়ি ফিরছিল। পথে সে দেখল দুইজন ছেলে একটি কুকুর ছানাকে প্রহার করছে। তখন সে ছেলেটিকে তাড়িয়ে দিল। কুকুর ছানাটিকে বাড়ি নিয়ে সেবা করে সুস্থ করে তুলল।

ক. গৌতমের পিতা কোন রাজ্যের রাজা ছিলেন? ১
খ. গৌতম অশোক ভান্ত উপহার বিতরণ করলেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. কুমার গৌতমের কোন গুণটি হৃদয়ের জীবনে প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুচ্ছেদে বর্ণিত গুণটি ছাড়াও কুমার গৌতম আরো অনন্ত গুণের অধিকারী– মন্তব্যটির পক্ষে যুক্তি দাও। ৪

**৪.** ▶




ক. শীল প্রার্থনা কয়বার করতে হয়? ১
খ. শ্রমনেরা কেন দশশীল পালন করেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লেখিত 'ক' চিহ্নিত ব্যক্তির আচরিত শীলের সাথে 'গ' চিহ্নিত ব্যক্তির আচরিত শীলের পার্থক্য নিরূপণ কর। ৩
ঘ. 'ক', 'খ' এবং 'গ' চিহ্নিত ব্যক্তিগণের আচরিত শীলগুলো সকল প্রকার সুখ-শান্তি, দেবত্ব-ব্রহ্মত্ব এমনকি মুক্তি লাভের জন্য অবশ্যই প্রয়োজন– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৫.** ▶ নয়ন নামে এক যুবক অমিতা নামে এক মেয়ের প্রতি আসক্ত হয়ে দাম্পত্য জীবন শুরু করবে বলে সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু সংঘরক্ষিত ভান্তে তাকে বিহারে এনে প্রব্রজ্যা ধর্মে দীক্ষা প্রদান করেন। দীক্ষিত হওয়ার পর আসক্তি তার অন্তর থেকে মুছে যাচ্ছে না। ভিক্ষুসংঘ বুঝতে পেরে শ্রমনের নিন্দা করতে লাগলেন। এতে শ্রমন লজ্জাবোধ করলেন। অবশেষে সংঘরক্ষিত ভান্তের অনিজ দেশনা শুনে লোকাত্তর জ্ঞানের অধিকারী হলেন।

ক. অট্ঠ কথা শব্দের অর্থ কী? ১
খ. রাজা বিড়ূঢ়ঙ শাকত বংশ নিধন করেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নয়নের চরিত্রের সাথে পাঠ্য পুস্তকের কার চরিত্রের সাদৃশ্য পরিলক্ষিত হয় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুচ্ছেদে উল্লেখিত শ্রমনের লজ্জাবোধ সৃষ্টি হওয়ায় লোকাত্তর জ্ঞানলাভের একমাত্র কারণ তা ধর্মীয় আলোকে বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶ (i) অনুয়া তীর্থ দর্শন করতে গিয়ে ভারতের উত্তর প্রদেশে বারানসী থেকে ৭ কিলোমিটার দূরে বরুণা নদীর তীরে অবস্থিত তীর্থ স্থানটি দর্শন করে। স্থানটির পাশে একটি রেল স্টেশনও আছে এবং বারানসী থেকে যাওয়ার প্রশস্ত রাস্তা আছে।

(ii) অপরূপ তীর্থ দর্শন করতে গিয়ে ভারতের বিহার রাজ্যে মজঃফরপুর জেলায় অবস্থিত তীর্থ স্থানটি দেখেন। স্থানটি লিচ্ছ-বিদের গণরাজ্যের রাজধানী ছিল। এখানে বুদ্ধ আম্রপলির নিয়ন্ত্রণ গ্রহণ করেছিলেন।

ক. মহাতীর্থ কয়টি? ১
খ. বুদ্ধের জীবনের সাথে শ্রাবস্তীর সম্পর্ক নিবিড় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত কোন তীর্থ ভ্রমণকারীর দেখা তীর্থের সাথে বুদ্ধের 'ধর্মচক প্রবর্তন সূত্র' দেশনার সম্পর্ক বিদ্যমান– ব্যাখ্যা কর। ৩
ঘ. 'অনুপ এবং অপরূপের তীর্থ ভ্রমণ করার উদ্দেশ্য ছিল পূণ্য সঞ্চয় এবং অভিজ্ঞতা অর্জন'– উক্তিটির সঠিকতা বিচার কর। ৪

**৭.** ▶ মায়ানমারের শ্রদ্ধেয় 'উত্তম সার ছেয়াদ' জীবিত অবস্থায় ধর্ম ও বিনয়ে অপ্রমত্ত হয়ে বিচরণ করেন। তিনি অংবোধ রাগ, দ্বেষ, মোহন, কুপ্রবৃত্তি ইত্যাদির দমন এবং সব রকম তৃষ্ণা ক্ষয় করে অর্হত্বফলে উন্নতি হন। তিনি জীবন্মুক্ত পুরুষে পর্যবসিত হন।

ক. নির্বাণ শব্দের অর্থ কী? ১
খ. নির্বাণকে পরম সুখ বলার কারণ কী?– ব্যাখ্যা কর। ২
গ. শ্রদ্ধেয় 'উত্তম সার ছেয়াদ' জীবিত অবস্থায় যে লাভ করেছেন– তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লেখিত অনুচ্ছেদে শ্রদ্ধেয় 'উত্তম সার ছেয়াদ' অর্হৎ প্রাপ্তির পর নির্বাণকে কীভাবে উপলব্ধি করেছেন তা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ শুভংকর একজন উপাসক। সংসারের বিধান অনুযায়ী সে জীবন যাপন করে। স্ত্রীর সাথে সম্মানজনক ও বিনম্র বাক্য ব্যবহার, বৃদ্ধ মাতা-পিতা ভরণপোষণ, আত্মীয় স্বজনকে প্রয়োজন মত সাহায্য করা, সব সময় পরোপকারের চেষ্টা করা ইত্যাদি নিয়ম মেনে চলে। তাই সকলে তাকে সম্মান এবং বিশ্বাস করে।

ক. 'জগতের সব জীব সুখী হোক'– উক্তিটি কোন ভাবনার অন্তর্গত? ১
খ. বৌদ্ধ ধর্মের কোনো দেবতার পূজা নেই কেন?– ব্যাখ্যা কর। ২
গ. শুভংকর যে বিনয় মেনে চলে এর ব্যাখ্যা কর। ৩
ঘ. কোনো ব্যক্তি উদ্দীপকে উল্লিখিত নিয়মগুলো ভঙ্গ করলে কী পরিণতি হতে পারে তা বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ অমর বাবু পেশায় আইনজীবি। জ্ঞানে, অর্থে, বিত্তবানও বটে। কিন্তু ছেলের স্বভাব পিতার বিপরীত। অর্থ লোভের কারণে ছেলে পিতাকে সম্মান হানিকর কাজ করে দুঃখ দেয়। সেই দুঃখের হেতু পিতাকে মৃত্যুর পথ বেছে নিতে হলো।

ক. স্থবির কত প্রকার? ১
খ. থের-থেরী গাথা পাঠের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
গ. অমর বাবুর সাথে পাঠ্যবইয়ের কার সাদৃশ্য পরিলক্ষিত হয় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. অমর বাবুর ছেলের উক্ত কৃতকর্মের পরিণতি কী হতে পারে ধর্মীয় আলোকে বিশ্লেষণ কর। ৪

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট   পূর্ণমান — ৪০   বিষয় কোড : | ১ | ১ | ৩ |

*বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।*

**১. বাংলাদেশ মারমা বুড্ডিস্ট এসোসিয়েশনের পত্রিকার নাম কী?**
ⓚ কৃষ্টি ⓚ মৈত্রীবাণী
ⓖ অনোমা ⓖ সম্বোধি

**২. রাণী কালিন্দী কাকে রাজানগর রাজবাড়িতে নিমন্ত্রণ করেন?**
(ক) রাধারামকে (খ) বোমাং রাজাকে
(গ) সজ্ঞ রাজাকে (ঘ) সেনাপতিকে

**৩. অর্থকথার মূল বিষয়বস্তু কী?**
(ক) ত্রিপিটক বিষয়ের অর্থ প্রকাশ করা
(খ) বিনয় ও অভিধর্মের নানা বিষয় সম্পর্কে অবহিত করা
(গ) ত্রিপিটক গভীরভাবে পড়ে মূল্যবান কিছু আবিষ্কার করা
(ঘ) ত্রিপিটকের জটিল বিষয়গুলো বিশ্লেষণ করা

**৪. মৌদগল্যায়নকে ঋদ্ধিশক্তিতে সর্বশ্রেষ্ঠ বলার কারণ কী?**
i তিনি ত্রিভুবন ঘুরে ঘুরে বুদ্ধের ধর্ম প্রচার করতেন বলে
ii তিনি অদ্ভুত ঋদ্ধিশক্তির অধিকারী ছিলেন বলে
iii তিনি বুদ্ধের ভাষণগুলো সুন্দর ভাষায় ব্যাখ্যা করতে পারতেন বলে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ো ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:**
কোনো এক সময় বোধি নিকেতন বিহার ও জেতবন বিহারের ভিক্ষুদের মধ্যে বিনয় ও অভিধর্ম নিয়ে মতানৈক্য দেখা দেয়। তাই ভিক্ষুদের মধ্যে সংহতি আনার জন্য বয়োজ্যেষ্ঠ মহাস্থবিরের পরামর্শে রাজা ও গণ্যমান্য ব্যক্তিবর্গের মাধ্যমে ৩০০ জন ভিক্ষুর উপস্থিতিতে এক সভার আহবান করা হয়। উক্ত সভাতে সর্বাস্তিবাদী সংগীতের অনুকরণে তার সমস্যার সমাধান করা হয়।

**৫. উক্ত ঘটনাটি বুদ্ধ যুগের কোন সম্রাটের সাথে মিলে যায়?**
(ক) কনিষ্কের (খ) অশোকের
(গ) মহীপালের (ঘ) চন্দ্রগুপ্তের

**৬. ধর্মমতে অনুচ্ছেদের বক্তব্যটি কী অগ্রণী ভূমিকা রাখে?**
(ক) বৌদ্ধ স্থাপত্য শিল্পের নিদর্শন সুরক্ষা করা
(খ) বৌদ্ধ সংস্কৃতির মৌলিক ধারা রক্ষা করা
(গ) বৌদ্ধধর্মকে বিভিন্ন স্থানে ছড়িয়ে দেয়া
(ঘ) ত্রিপিটক সুরক্ষা করা

**৭. বোধিসত্ত্ব ধনপালের সামনে থেকে দুইটি পয়সা তুলে নিলেন কেন?**
(ক) আর্থিক অনটনের জন্য
(খ) লোভের বশবর্তী হওয়ায়
(গ) শীলগুণ পরীক্ষা করার জন্য
(ঘ) অন্যকে সাহায্য করার জন্য

**৮. সর্বজীবে দুঃখীর দুঃখে সমবেদনা অনুভব করা কোন ভাবনার অন্তর্গত?**
(ক) করুণা (খ) মৈত্রী
(গ) মুদিতা (ঘ) অশুভ

**৯. সব্বকামী ভিক্ষু কোন সংগীতিতে ধর্মাসনগ্রহণ করেন?**
(ক) ১ম সংগীতিতে (খ) ২য় সংগীতিতে
(গ) ৩য় সংগীতিতে (ঘ) ৪র্থ সংগীতিতে

**১০. বিক্রমশীলা বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষকে কী বলা হত?**
(ক) চার্য (খ) আচার্য
(গ) বজ্রাচার্য (ঘ) উপাচার্য

**নিচের অনুচ্ছেদটি পড়ো ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:**
কল্যাণী নববধূ হিসেবে তার পরিবারে অগ্রণী ভূমিকা পালন করে থাকে। সে বড়দের সম্মান করে এবং সেবা শুশ্রূষা দিয়ে মানুষের মন জয় করা তার স্বভাব।

**১১. কল্যাণীকে এখানে তোমার পাঠ্যবইয়ের কার চরিত্রের সাথে তুলনা করা হয়েছে?**
(ক) মল্লিকাদেবী (খ) ক্ষেমা
(গ) জনপদকল্যাণী (ঘ) বিশাখা

**১২. কল্যাণীর উক্ত আচরণ দ্বারা সমাজ জীবনে কোন ধরনের প্রভাব পড়তে পারে?**
i কর্মের পরিধি বৃদ্ধিতে
ii শান্তি ও শৃঙ্খলা উন্নয়নে
iii নারীদের ক্ষমতা উন্নয়নে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৩. অকুশল কর্মের প্রভাবে মানুষ পরকালে নিচুকুল পায় কেন?**
(ক) পূজা করার যোগ্য ব্যক্তিকে পূজা না করলে
(খ) সুন্দর লোকের প্রশংসা না করলে
(গ) গৌরব করার যোগ্য
(ঘ) শ্রামন বা ব্রাহ্মণদের দান না করলে

**১৪. অনুপাদিসেস নির্বাণ বলতে বুঝায়-**
i পঞ্চস্কন্ধ বিদ্যমান অবস্থায় দুঃখসমূহের বিনাশ হওয়া
ii নির্বাণদর্শী মুক্ত পুরুষ পঞ্চস্কন্ধের বিনাশ করে যখন পরিনির্বাণে নিবৃত্ত হন
iii কঠোর সাধনার দ্বারা যে পুরুষ জন্ম মৃত্যু নিরোধ করেন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৫. লন্ডন পলি টেকস্ট সোসাইটি কর্তৃক প্রকাশিত ত্রিপিটক কত খণ্ডে বিভক্ত?**
(ক) ৩০ খণ্ডে (খ) ৩১ খণ্ডে
(গ) ৩২ খণ্ডে (ঘ) ৩৩ খণ্ডে

**১৬. কে অশ্বজিতের সৌম্য চেহারা দেখে মুগ্ধ হন?**
(ক) উপালি (খ) সঞ্জয়
(গ) সারিপুত্র (ঘ) নিগ্রোধ শ্রামণ

**নিচের অনুচ্ছেদটি পড়ো ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:**
'তিষ্য স্থবির' ত্রিশ বছর যাবৎ ব্রহ্মচর্য পালনে ব্রতী ছিলেন। পূর্বজন্মের অকুশল কর্মের হেতু তাঁর শারীরিক অসুস্থতা দেখা দেয়। এর মাঝে এক কুচক্রী দায়িকা সুযোগ বুঝে তার ব্রহ্মচর্য ধ্যান ভাঙ্গাতে চেষ্টা করে। তাই লোক মুখে নানা কুৎসা কাহিনী রটে গেল। কিন্তু স্থবির এতে বিচলিত না হয়ে, আরও সংযত হয়ে নিজেকে ব্রহ্মচর্য পালনে দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ হন।

**১৭. অনুচ্ছেদের ঘটনাটিতে কোন অর্হৎ ভিক্ষুর জীবনের মিল পাওয়া যায়?**
(ক) মহাকাশ্যপ (খ) সারিপুত্র
(গ) আনন্দ (ঘ) মৌদগল্যায়ন

**১৮. তিষ্য স্থবির উক্ত কর্মের প্রভাবে পরবর্তীতে কোন স্থানে জন্ম লাভ করবেন?**
(ক) চক্রবর্তী রাজা হয়ে জন্ম নিবেন
(খ) উন্নত বংশে জন্ম নিবেন
(গ) দেবকুলে জন্ম নিবেন
(ঘ) ব্রহ্মকুলে জন্ম নিবেন

**১৯. বুদ্ধ 'স্থবির আনন্দকে' বৈশালী নগরে ঘুরে ঘুরে 'রতন সুত্ত' আবৃত্তি করার আদেশ দিয়েছিলেন কেন?**
(ক) এলাকায় শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য
(খ) বৈশালীবাসীদের অলৌকিক কিছু দেখানোর জন্য
(গ) দুর্ভিক্ষ, মহামারী ও ভয় দূর করার জন্য
(ঘ) এলাকায় ধর্মীয় উৎসব পালনের জন্য

**২০. 'ক্ষান্তিবাদী' জাতকের উপদেশ কোনটি?**
(ক) রূপের চেয়ে গুণের মূল্য অনেক বেশি
(খ) জ্ঞাতি-গোত্র ও বংশের চেয়ে চরিত্রই বড়
(গ) বিপদে বন্ধুর পরীক্ষা হয়
(ঘ) বোধিসত্ত্বগণ নিজের জীবনের বিনিময়েও রাগদ্বেষহীন থাকেন

**২১. কোথায় আমাদের প্রথম শিক্ষা শুরু হয়?**
(ক) বিদ্যালয়ে (খ) পরিবারে
(গ) সমাজে (ঘ) রাষ্ট্রে

**নিচের অনুচ্ছেদটি পড়ো ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:**
প্রতীক বাবু মেডিকেল কলেজের প্রভাষক। তিনি ছাত্রজীবনে প্রতিজ্ঞা করেছিলে যে, ডাক্তারি পাস করতে পারলে শিক্ষক সমাজের কেউ রোগী হিসেবে আসলে তাঁদের নিকট থেকে কোনো প্রকার ফি গ্রহণ করবেন না।

**২২. প্রতীক বাবুকে ধর্মীয় দৃষ্টিতে কোন ধরনের দাতা বলা যায়?**
(ক) উত্তম দাতা (খ) দানপতি
(গ) দানদাস (ঘ) দান সহায়

**২৩. তিনি যে মনোভাব নিয়ে দান করেছেন তা হলো-**
i অকুশল ও অনুরাগ বর্জন করে
ii দানীয় বস্তু ও গ্রহীতার প্রতি সন্তুষ্ট চিত্তে
iii উপযুক্ত পাত্রে সুসময়ে দান করেছেন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৪. দান মহাফলদায়ক হয়-**
(ক) শুধু দাতা শীলবান হলে
(খ) শুধু গ্রহীতা শীলবান হলে
(গ) দাতা ও গ্রহীতা উভয়ই শীলবান হলে
(ঘ) যে কোনো সময় কঠিন চীবর দান করলে

**২৫. জাতরূপ রজত পটিগগহনা বেরমানী সিখাপদং সমাদিযামি বলতে বোঝায়—**
(ক) সোনা-রূপা ইত্যাদি গ্রহণ থেকে বিরত থাকা
(খ) জাত, রূপ ও রস ইত্যাদি গ্রহণ থেকে বিরত থাকা
(গ) মহামূল্যবান বস্তু ইত্যাদি গ্রহণ থেকে বিরত থাকা
(ঘ) মহামূল্যবান বস্তু ইত্যাদি গ্রহণ থেকে বিরত থাকা

**২৬. বুদ্ধ কয়টি আর্যসত্য দেশনা করেছেন?**
(ক) ৪টি (খ) ৫টি
(গ) ৬টি (ঘ) ৮টি

**২৭. 'চুল্লকর্ম বিভঙ্গ' সূত্রে বিশদভাবে কিসের দেশনা করেছেন?**
(ক) শীলের (খ) দানের
(গ) কর্মের (ঘ) ভাবনার

**নিচের অনুচ্ছেদটি পড়ো ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:**
সীমা একজন গৃহিণী। সে প্রায়ই পূর্ণিমা তিথিতে ভিক্ষুর নিকট শীল গ্রহণ করে এবং বাড়িতে এসে গৃহীত শীলসমূহ পালন করার চেষ্টা করে। মৈত্রী চিত্ত নিয়ে সম্পূর্ণ একাকী রাত্রী যাপন করে। যার কারণে সে সকলের শ্রদ্ধার পাত্রী।

**২৮. সীমা ভিক্ষুর নিকট কোন শীল গ্রহণ করে?**
(ক) পঞ্চশীল (খ) অষ্টশীল
(গ) দশশীল (ঘ) ধূতাঙ্গশীল

**২৯. সীমা উক্ত শীল পালনের দ্বারা কী লাভ করবে?**
(ক) সুগতি (খ) নির্বাণ
(গ) সুন্দর জীবন (ঘ) দীর্ঘ জীবন

**৩০. ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে জানা যায়-**
(ক) ধর্ম ও বিনয় সম্পর্কে সদুত্তর
(খ) বিনয় ও দর্শন সম্পর্কে সদুত্তর
(গ) ধর্ম ও দর্শন সম্পর্কে সদুত্তর
(ঘ) ধর্ম, বিনয় ও দর্শন সম্পর্কে সদুত্তর

**৩১. 'পসত্থা' শব্দের অর্থ কী?**
(ক) প্রস্থান (খ) প্রকার
(গ) প্রদর্শন (ঘ) প্রশংসা

**৩২. ভিক্ষুসংঘ প্রধানত কয় প্রকার কাষায় বস্ত্র পরিধান করেন?**
(ক) দুই রকম (খ) তিন রকম
(গ) চার রকম (ঘ) পাঁচ রকম

**৩৩. দীপংকর বুদ্ধ সুমেধ তাপসকে আশীর্বাদ করার কারণ-**
(ক) সুমেধ সুবোধ বালক ছিল বলে
(খ) সুমেধ বুদ্ধের মঙ্গল কামনা করেছিল বলে
(গ) তার মধ্যে ভাবী বুদ্ধের লক্ষণ ছিল বলে
(ঘ) বুদ্ধকে রাস্তা পার হতে সাহায্য করেছিল বলে

**নিচের অনুচ্ছেদটি পড়ো ৩৪ ও ৩৫নং প্রশ্নের উত্তর দাও:**
শ্রদ্ধেয় ধর্মাঙ্কুর মহাস্থবির তাঁর ভিক্ষুত্ব জীবন ধ্যানের বিভিন্ন স্তর অনুধাবন করতে পেরেছেন। তিনি শিষ্য ও প্রশিষ্যদের নানা বিপত্তি ও আসক্তি ক্ষয়ের হেতু বুঝাতে সক্ষম হন। যার ফলে তিনি বৌদ্ধধর্মে অনেক অবদান রেখে যান।

**৩৪. পাঠ্যপুস্তকের আলোকে শ্রদ্ধেয় ধর্মাঙ্কুর মহাস্থবির কোন রকম বুদ্ধের প্রভাব বিস্তার লাভ করেন?**
(ক) প্রত্যেক বুদ্ধ (খ) শ্রাবক বুদ্ধ
(গ) সম্যক সম্বুদ্ধ (ঘ) গৌতম বুদ্ধ

**৩৫. একর্মের দ্বারা তিন পরকালে লাভ করতে পারবেন-**
(ক) নির্বাণগামী পথ (খ) দুঃখ থেকে মুক্তি
(গ) তৃষ্ণা থেকে মুক্তি (ঘ) ভবচক্র রোধ

**৩৬. মানুষের অন্তর্দাহ কিসে প্রশমিত হয়?**
(ক) শীতল বায়ু (খ) মণিমানিক্য
(গ) সুশীতল চন্দ্রকিরণ (ঘ) আর্যশীল

**৩৭. গৌতম উদ্যান ভ্রমণ শেষে বাড়িতে ফিরে আসার কারণে-**
i. তাঁর আর জানার বাকি ছিল না বলে
ii. গৃহ ত্যাগের সংকল্প স্থির হয়ে গেল বলে
iii. স্ত্রী-পুত্রের সাথে কথা বলার জন্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩৮. ভিক্ষুদের দোষ বা আপত্তিগুলোকে কয় ভাগে ভাগ করা হয়েছে?**
(ক) ৬ ভাগে (খ) ৮ ভাগে
(গ) ১০ ভাগে (ঘ) ১২ ভাগে

**৩৯. বিমুক্ত মহাপুরুষ কারা?**
(ক) বুদ্ধগণ (খ) বোধিসত্ত্বগণ
(গ) রাজাগণ (ঘ) ব্রাহ্মণগণ

**৪০. মায়াদেবীর পিতার নাম কী?**
(ক) অঞ্জন (খ) শুদ্ধোধন
(গ) জয়সেন (ঘ) সুপ্রবুদ্ধ

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | | ৮ | খ | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | | ১৬ | গ |
| | ১৭ | | ১৮ | | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | খ |
| | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | গ | | | | | | | | | | | | | | | | |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

# বোর্ড পরীক্ষা, ২০১১

পূর্ণমান — ৬০

## বৌদ্ধধর্ম শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

## সৃজনশীল প্রশ্ন

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক অংশ থেকে তিনটি প্রশ্নের উত্তর সহ মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দাও।]*

### ক-বিভাগ

**১.▸** রাউজান মডেল স্কুলের দশম শ্রেণির ছাত্র শরণ। একদিন সে তার মাকে নিয়ে চিৎমরম বৌদ্ধ মন্দিরে পুণ্য কাজ সম্পাদনের উদ্দেশ্যে যায়। কাজের আনুষ্ঠানিকতা শেষে বাড়ি ফেরার পথে কর্ণফুলী নদীতে নৌকা ডুবিতে তার মা মারা যায়। তার মায়ের এহেন পরিণতিতে শরণ খুবই মর্মাহত হলো। তার মনে বৈরাগ্যভাবের উদয় হলো এবং গৃহী জীবন ত্যাগ করে সে প্রব্রজ্যা গ্রহণ করল। ভবিষ্যতে নির্বাণ লাভের সংকল্প করল।

ক. চার আর্যসত্য কী? ১
খ. বুদ্ধদের মধ্যে সম্যক সম্বুদ্ধগণই শ্রেষ্ঠ কেন? ২
গ. বুদ্ধের কোন্ উপদেশ শরণের জীবনে প্রতিফলিত হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. শরণ যে সংকল্প করল তা পূরণের জন্য তার করণীয় কী? বিশ্লেষণ কর। ৪

**২.▸** সৌমেন প্রতিদিন সকাল-বিকাল বিহারে গিয়ে দু'বেলা বন্দনা করে। সে সৎ চরিত্রের ছেলে বলে তাকে সবাই খুব আদর করে। সপ্তাহে একদিন দুপুর বারটার মধ্যে সে আহার কার্যসম্পাদন এবং চিত্তবিনোদন থেকে বিরত থাকে।

ক. দশশীল কাদের জন্য প্রয়োজ্য? ১
খ. শীলভঙ্গ করা উচিত নয় কেন? সংক্ষেপে ব্যাখ্যা কর। ২
গ. সৌমেন যে শীল পালন করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সৌমেন উক্ত শীল পালনের দ্বারা কী কী ফল লাভ করতে পারবে তা বিশ্লেষণ কর। ৪

**৩.▸** অনন্ত বড়ুয়া প্রবাসে থাকেন। বাড়ি এসে তিনি এমন একটি দানানুষ্ঠানে যোগদান করেন যে দানের ফলের ব্যাখ্যা বুদ্ধ হিমালয়ের অনোবতপ্ত সরোবরে করেছিলেন। তিনি দেখলেন, দানসভার শেষে ভিক্ষুসংঘ সীমাগৃহে গিয়ে মন্ত্র পাঠ করেন।

ক. কমপক্ষে কয়জন ভিক্ষু উপস্থিত হলে সংঘদান করা যায়? ১
খ. ভিক্ষু সংঘকে অষ্ট পরিষ্কার দিতে হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. অনন্ত বড়ুয়ার দানের বিষয়টি ধর্মীয় আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "অনুচ্ছেদে উল্লিখিত দানের পুণ্য অন্যান্য সকল প্রকার দানের পুণ্যের চেয়ে অনেক বেশি"– এ কথার সাথে তুমি কী একমত? যুক্তি দাও। ৪

**৪.▸** কর্ণফুলী নদীর তীরবর্তী রায়খালী গ্রামটিতে কিছু দিন আগে জোয়ারের পানিতে বাড়িঘর ও ফসলাদি তলিয়ে যায়। ঐ দূষিত পানির কারণে গ্রামে মহামারী আকারে কলেরা রোগের প্রাদুর্ভাব দেখা দেয়। এতে গ্রামবাসীরা চিন্তিত হয়ে পড়লে এক জ্ঞানী যুবক তা থেকে পরিত্রাণের নিমিত্তে শ্রদ্ধেয় নন্দ বংশ ভিক্ষুর নিকট গমন করেন। অতঃপর উক্ত ভিক্ষু সূত্র আবৃত্তির মাধ্যমে গ্রামের সমস্যার সমাধান করেন।

ক. ভিক্ষুরা বর্ষাবাসের সময় কার উৎপাতে চলে আসে? ১
খ. সকল জীবের প্রতি বন্ধুত্বপূর্ণ ও সদয় ব্যবহার প্রয়োজন কেন? ২
গ. বর্ণিত গ্রামের উক্ত সমস্যা সমাধানের জন্য শ্রদ্ধের নন্দ বংশ ভিক্ষু কোন সূত্র আবৃত্তি করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ভিক্ষুর সূত্র আবৃত্তির ফলে গ্রামবাসীরা কী ধরনের উপকার পেতে পারে তা মূল্যায়ন কর। ৪

### খ-বিভাগ

**৫.▸** অনিতা বিত্তশালী পরিবারের কন্যা। সে খুবই সুন্দরী। পিতা-মাতা তাকে সুপাত্রের নিকট বিবাহ দেয়। কিছুদিন পর তার এক কন্যা সন্তান জন্ম নেয়। সন্তানটি চেহারা কুৎসিৎ, কয়েক বছর পর সন্তানটি মারা যায়।

ক. বুদ্ধকে কর্ম সম্পর্কে প্রশ্ন করেছিলেন কে? ১
খ. যে কোনো একটি কর্মের বিধান ব্যাখ্যা কর। ২
গ. অনিতার জীবনে কর্মের কোন নিয়মটি কার্যকর হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অনিতার সন্তানের কুৎসিৎ চেহারা এবং অল্পবয়সে মারা যাওয়া পূর্বজন্মের কোন্ জাতীয় কর্মের বিপাক হতে পারে? বিশ্লেষণ কর। ৪

**৬.▸** পুলিন বাবু একজন সরকারি কর্মকর্তা। অনেক দিন ধরে অসুস্থ বোধ করায় অফিসের কাজে মনোযোগ দিতে পারছিলেন না। এ অবস্থায় চিকিৎসকের শরণাপন্ন হলে চিকিৎসক শারীরিক পরীক্ষার মাধ্যমে জানতে পারলেন তার ডায়বেটিস হয়েছে। একথা শুনে পুলিন বাবু খুব অস্থির হয়ে উঠেন। সংসারের প্রতিও তার উদাসীনতা বিরাজ করছিল। একারণে তিনি সংসার জীবন ত্যাগ করে প্রব্রজিত ধর্মে দীক্ষিত হয়ে বুদ্ধের নির্দেশিত পথ অনুশীলন করেন।

ক. 'নির্বাণ' শব্দের অর্থ কী? ১
খ. অনুপাদিসে নির্বাণপ্রাপ্ত ব্যক্তির পুনর্জন্ম হয় না কেন? ২
গ. পুলিন বাবু বুদ্ধের কোন পথ অনুসরণ করে এ সিদ্ধান্তে উপনীত হয়েছেন– ব্যাখ্যা কর। ৩
ঘ. পুলিন বাবু যে সাধনায় রত আছেন তাতে কী ফল লাভ করতে পারে– আলোচনা কর। ৪

### গ-বিভাগ

**৭.▸** শ্রদ্ধেয় রতনশ্রী ভিক্ষু পক্ষপাতহীন, রাগদ্বেষ, ভয়শূন্য, বিদ্যাবুদ্ধিসম্পন্ন একজন জ্ঞানীগুণী ভিক্ষু। তাই অন্য ভিক্ষুরা তাঁকে শ্রদ্ধা করতেন, একদিন প্রবারণা পূর্ণিমায় অনেক ভিক্ষু সমবেত হয়ে এক সভার আয়োজন করেন। উক্ত সভায় বোধিমিত্র ভিক্ষু, সঙ্ঘকে সম্বোধন করে বললেন, হে ভিক্ষুগণ আমার সম্পর্কে যদি আপনারা কেউ কিছু দেখে থাকেন, শুনে থাকেন, আমার চরিত্র বিষয়ে কারও কোনো সন্দেহ থাকে অনুগ্রহ করে বলুন। আমি তা শুনতে প্রস্তুত আছি।

ক. গৃহী বিনয় কী? ১
খ. ভিক্ষুরা উপেক্ষা ভাবনা করেন কেন? ২
গ. বোধিমিত্র ভিক্ষু বিনয়ের কোন্ বিধান পালন করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বোধিমিত্র ভিক্ষুর মত উক্ত বিধান যদি গৃহীরা পালন করে সংসার জীবন কেমন হতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**৮.▸** (i) অনুপ বড়ুয়া দরিদ্র ঘরের সন্তান। সে দৈনিক কাজ করে যা পায় তা দিয়ে মা-বাবার ভরণ-পোষণ চালায়। তাদের সেবা করতে কোন অসুবিধা বোধ করে না। প্রয়োজনে নিজে কম খেয়ে মা-বাবার আহার ঠিক রাখে। (ii) অপরূপ বড়ুয়া অসচ্ছল পরিবারের সন্তান। তার ভালো রোজগার থাকলেও মা-বাবার ভরণ-পোষণের প্রতি তার কোন নজর নেই। সেবা করতে অনীহা এবং তাদের অসুবিধার কথা সে মোটেও চিন্তা করে না। শুধু নিজেকে নিয়েই ব্যস্ত থাকে।

ক. জাতক কোন্ ভাষায় রচিত? ১
খ. "জ্ঞাতি-গোত্র এবং বংশের চেয়ে চরিত্রই বড়"– কেন? ব্যাখ্যা কর। ২
গ. গৃধ্র জাতকের বিষয় উদ্দীপকের কোন অংশে প্রতিফলিত হয়েছে?– ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুপ বড়ুয়া এবং অপরূপ বড়ুয়া উভয়ের কর্মের প্রেক্ষিতে কে কী ফল ভোগ করবে গৃধ্র জাতকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯.▸** শিল্পী শৈশবকাল থেকে শীলবতী মহিলা ছিল। ত্রিরত্নের প্রতি তার প্রগাঢ় শ্রদ্ধা ছিল। বিয়ের পর সে শ্বশুড়-শাশুড়ি ও স্বামীকে দেবতা জ্ঞানে ভক্তি করত। কারণ তার বাবা তাকে বিয়ের আগে বলেছিল– শ্বশুর বাড়িতে মেয়েদের কিছু নিয়ম মেনে চলতে হয়। তুমিও নিয়মের বাইরে কিছু করিও না। তাই সে পিতার উপদেশ শ্বশুর বাড়িতে মেনে চলত।

ক. সারিপুত্রের মাতার নাম কী? ১
খ. মৌদগল্যায়নকে ঋদ্ধিশক্তির মধ্যে সর্বশ্রেষ্ঠ বলার কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. শিল্পীর সাথে বৌদ্ধ ইতিহাসের কোন্ উপাসিকার মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিটি পরিবারকে সুন্দর ও সুখী রাখার ক্ষেত্রে শিল্পীর মত গৃহবধূরা কতটুকু ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : | ১ | ১ | ৩ |

*বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।*

**১. থেরবাদী বৌদ্ধদের কাছে কার নাম অবিস্মরণীয়?**
(ক) জীবক (খ) বুদ্ধদত্ত
(গ) অশ্বঘোষ (ঘ) বুদ্ধঘোষ

**২. পাল বংশের সব রাজাই কোন ধর্মাবলম্বী ছিলেন?**
(ক) হিন্দু (খ) বৌদ্ধ (গ) জৈন (ঘ) শিব

**৩. বিশাখাকে তাঁর বাবা দশটি বর দিয়েছিলেন কেন?**
(ক) শ্বশুরকে খুশী করার জন্য
(খ) বিশাখাকে তার দায়িত্ব পালনের জন্য
(গ) সমাজে শান্তি আনার জন্য
(ঘ) সংসারে শান্তি আনার জন্য

**৪. ভগবান বুদ্ধের সর্বশেষ শিষ্য কে?**
(ক) উপালি (খ) সারিপুত্র
(গ) নন্দ (ঘ) সুভদ্র

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫-৬ নং প্রশ্নের উত্তর দাও:**
ভূপতির তিনপুত্র চাকুরীজীবী। তারা সৎ জীবনযাপনে ও কর্মে বিশ্বাসী। তিন ভাই মিলে তাদের পুরানো বাড়ি ভেঙ্গে নতুন পাকা বাড়ি তৈরি করে। পাশের বাড়ির চম্পার মা তাদের সম্পর্কে দুর্নাম রটায় 'ঘুষের টাকায় বাড়ি তৈরি করেছে'। কারণে-অকারণে সে তাদের সাথে ঝগড়া-বিবাদ করে।

**৫. চম্পার মাকে কোন প্রকৃতির নারী বলা যায়?**
(ক) অহংকারী (খ) রাগী
(গ) ঈর্ষাপরায়ণ (ঘ) নিষ্ঠুর

**৬. চম্পার মার এরূপ আচরণের জন্য পরজন্মে যদি সে মানবকুলে জন্ম নেয়, কী ফল ভোগ করবে?**
(ক) কঠিন রোগে আক্রান্ত হবে
(খ) বিশ্রী হয়ে জন্মগ্রহণ করবে
(গ) অল্পায়ু হয়ে জন্মলাভ করবে
(ঘ) গরিব হয়ে জন্মলাভ করবে

**৭. বুদ্ধ কাকে 'ধর্ম সেনাপতি' হিসেবে অভিহিত করেছেন?**
(ক) সারিপুত্র (খ) মৌদগল্যায়ন
(গ) আনন্দ (ঘ) উপালি

**৮. লুম্বিনী কোথায় অবস্থিত?**
(ক) ভারত (খ) মায়ানমার
(গ) শ্রীলংকা (ঘ) নেপাল

**৯. 'তীর্থস্থান' ভ্রমণ করার উদ্দেশ্য হলো—**
i. বুদ্ধের স্মৃতি বিজড়িত স্থানগুলো দর্শনের জন্য
ii. মার্গফল লাভ করার জন্য
iii. ইহজন্ম ও পরজন্মে সুখ লাভের জন্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১০. ধ্যানী বিজ্ঞ পুরুষরা নিরলস সাধনায় রত হন কেন?**
(ক) সাধনা নির্বাণের পথে নিয়ে যাবে বলে
(খ) সাধনায় বিত্তশালী হওয়া যাবে বলে
(গ) সাধনায় রাজা হওয়া যাবে বলে
(ঘ) সাধনায় অমরত্ব লাভ করবে বলে

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১-১২ নং প্রশ্নের উত্তর দাও:**
শ্রদ্ধেয় জ্যোতিপাল মহাথের জাগতিক সব বিষয়বস্তু থেকে নিবৃত্ত হয়ে একাগ্রতার সাথে সাধনা করেছিলেন। তিনি বুঝতে পেরেছিলেন, 'পৃথিবী অনিত্য ও পরিবর্তনশীল'। তিনি এরূপ সাধনা দ্বারা ছয় রকম অভিজ্ঞতা অর্জন করতে পেরেছিলেন।

**১১. শ্রদ্ধেয় জ্যোতিপাল মহাথের যে সাধনা করেছিলেন বুদ্ধ মতে একে কী বলা হয়?**
(ক) ভাবনা (খ) ধ্যান (গ) সমাধি (ঘ) বন্দনা

**১২. শ্রদ্ধেয় জ্যোতিপাল মহাথের উক্ত সাধনা দ্বারা কী শক্তি লাভ করবেন?**
(ক) দৈহিক শক্তি (খ) ঋদ্ধি শক্তি
(গ) অশুভ শক্তি (ঘ) মার বিজয়ী শক্তি

**১৩. বোধিসত্ত্বগণ পারমী পূরণ করেন কেন?**
(ক) স্বর্গলাভ করার জন্য
(খ) ভবিষ্যতে বুদ্ধ হওয়ার জন্য
(গ) ব্রহ্মলোকে উৎপত্তির জন্য
(ঘ) চক্রবর্তী রাজা হওয়ার জন্য

**১৪. যে দাতা নিজে যা খায় তা অপরকে দান করেন তাকে কোন ধরনের দাতা বলা হয়?**
(ক) দানবীর (খ) দানদাস
(গ) দানসহায় (ঘ) দানপতি

**১৫. বৈশালী নগরের মানুষ কার প্রশংসায় পঞ্চমুখ?**
(ক) বুদ্ধের (খ) আনন্দের
(গ) সারিপুত্রের (ঘ) সীবলীর

**১৬. ঐতিহাসিকভাবে 'দেবদহ' নগর বিখ্যাত হওয়ার কারণ—**
i. সেখানে দেবদহ রাজা বাস করতেন
ii. দেবতাদের সৃষ্ট একটি হ্রদ ছিল
iii. সেখানে সিদ্ধার্থ জন্মগ্রহণ করেছিলেন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৭-১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
দীপার বয়স পাঁচ বছর তখস সে তার মা ও ঠাকুরমার সাথে থাকত। দীপার পিতা প্রবাসে থাকা অবস্থায় দীপার মা এক পরপুরুষের সাথে পালিয়ে যায়।

**১৭. দীপার মা পঞ্চশীলের কোন নিয়মটি ভঙ্গ করেছে?**
(ক) অদত্ত দ্রব্য গ্রহণ (খ) মিথ্যা বাক্য বলা
(গ) মিথ্যা কামাচার (ঘ) অব্রহ্মচর্য

**১৮. দীপার মা উক্ত কর্মকাণ্ডের জন্য পরকালে কী ফল ভোগ করবে?**
(ক) কুশ্রী (খ) দুর্গতি
(গ) গরীব (ঘ) অল্পায়ু

**১৯. প্রথম সংগীতি সম্পন্ন হতে কত মাস লেগেছিল?**
(ক) তিন মাস (খ) চার মাস
(গ) পাঁচ মাস (ঘ) ছয় মাস

**২০. ভিক্ষুরা অশুভ ভাবনায় রত থাকেন কেন?**
(ক) স্বর্গে জন্মলাভের জন্য
(খ) মারের হাত থেকে মুক্তির জন্য
(গ) শরীরের অনিত্যতা উপলব্ধির জন্য
(ঘ) দৈবশক্তি লাভের জন্য

**২১. 'শীল মীমাংসা জাতকে' বোধিসত্ত্ব পয়সা চুরির যে ঘটনা ঘটিয়েছিল তার কারণ হচ্ছে—**
i. নিজেকে পরীক্ষা করার জন্য
ii. চরিত্র প্রমাণের জন্য
iii. রাজার চোখকে ফাঁকি দেওয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২২. সংঘরাজ সারমেধ চট্টগ্রামে আসার প্রধান কারণ কী ছিল?**
(ক) দেশ ভ্রমণ করতে
(খ) ধর্মীয় প্রতিষ্ঠান স্থাপন করতে
(গ) ধর্মীয় কুসংস্কার দূর করতে
(ঘ) শিষ্যদের দীক্ষা দিতে

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৩-২৪ নং প্রশ্নের উত্তর দাও:**
স্বপন বাবু একজন দানশীল ব্যক্তি। তাই একদিন তিনি প্রসন্নচিত্তে ভিক্ষুর মৌলেক ব্যবহার্য জিনিস সংগ্রহ করে আত্মীয়স্বজনকে সাথে নিয়ে ভিক্ষু সঙ্ঘকে দান দিলেন।

**২৩. স্বপন বাবু কোন ধরনের দানকার্য সমাপ্ত করলেন?**
(ক) সংঘদান (খ) অষ্টপরিষ্কার দান
(গ) শ্রদ্ধা দান (ঘ) কঠিন চীবর দান

**২৪. স্বপন বাবু উক্ত দানের ফলে জন্ম জন্মান্তরে যে রূপে জন্মগ্রহণ করবেন—**
i. ধনশালী ii. বনশালী iii. দেবব্রহ্মণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৫. বুদ্ধ কোন পূর্ণিমার প্রথম ধর্মচক্র প্রবর্তন সূত্র দেশনা করেছিলেন?**
(ক) বৈশাখী পূর্ণিমায় (খ) আষাঢ়ী পূর্ণিমায়
(গ) প্রবারণা পূর্ণিমায় (ঘ) মাঘী পূর্ণিমায়

**২৬. লাভী শ্রেষ্ঠ সীবলী কোন প্রকারের বুদ্ধ ছিলেন?**
(ক) ভাবী বুদ্ধ (খ) সম্যক সম্বুদ্ধ
(গ) প্রত্যেক বুদ্ধ (ঘ) শ্রাবক বুদ্ধ

**২৭. পাতিমোকখে ভিক্ষুদের কয়টি নিয়ম পালনের কথা বলা হয়েছে?**
(ক) ২০৭টি (খ) ২১৭টি
(গ) ২২৭টি (ঘ) ২৩৭টি

**২৮. পঞ্চশীল পালনের দ্বারা কয়টি মহাফল লাভ করা যায়?**
(ক) ৫টি (খ) ৬টি
(গ) ৭টি (ঘ) ৮টি

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৯-৩০ নং প্রশ্নের উত্তর দাও**
অমিত নবম শ্রেণিতে অধ্যয়ন করে। সে মনস্থির করল পরবর্তী গ্রীষ্মের ছুটিতে কুমিল্লায় ভ্রমণ করতে যাবে। যথাসময়ে সে উক্ত স্থান ভ্রমণের সব সড়কের পাশে লালমাই পাহাড় দেখে মুগ্ধ হয়। এক পর্যায়ে একটি উল্লেখযোগ্য বিহারের ধ্বংসাবশেষও দেখতে পায়।

**২৯. অমিত কুমিল্লার কোন বিহারের ধ্বংসাবশেষ দর্শন করে?**
(ক) শালিবন বিহার (খ) সোমপুর বিহার
(গ) বিক্রমপুর বিহার (ঘ) মহামুণি বিহার

**৩০. অমিতের দর্শনীয় স্থানটি কী নামে প্রসিদ্ধ?**
(ক) তীর্থস্থান (খ) ঐতিহাসিক স্থান
(গ) দর্শনীয় স্থান (ঘ) মহাতীর্থ স্থান

**৩১. মানুষের পরলোকের একমাত্র সঙ্গী কী?**
(ক) ধনসম্পদ (খ) স্ত্রী-পুত্র
(গ) আত্মীয়স্বজন (ঘ) কর্ম

**৩২. বুদ্ধ কোন বৃক্ষের নীচে অনুপাদিসেস নির্বাণ লাভ করেছিলেন?**
(ক) বোধি বৃক্ষ (খ) অশ্বত্থ বৃক্ষ
(গ) বট বৃক্ষ (ঘ) শাল বৃক্ষ

**৩৩. শীলবান নর-নারীকে কু-প্রবৃত্তি স্পর্শ করতে পারে না কেন?**
(ক) সকল জীবের প্রতি দয়াশীল বলে
(খ) রাগ-দ্বেষহীন বলে
(গ) লোভ ও মোহহীরন বলে
(ঘ) নিরহংকারী বলে

**৩৪. কঠিন চীবর দানকে দানোত্তর বলার কারণ—**
i. দানের ফল অপরিমেয়
ii. স্বর্গ সুখ লাভ করা যায়
iii. দানের মধ্যে শ্রেষ্ঠ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩৫. ভিক্ষু শতবর্ষব্যাপী "ত্রিপিটক শাস্ত্র" অধ্যয়ন করেও নিরয়ে গমন করার কারণ কী?**
(ক) অসংযত আচরণ (খ) ধ্যানের প্রতি অনীহা
(গ) শীল পালনে বিমুখ (ঘ) দানের প্রতি অশ্রদ্ধা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৬-৩৭ নং প্রশ্নের উত্তর দাও:**
অরূপ অল্প বয়সে একটি ব্যবসায় প্রতিষ্ঠিত হয়ে প্রচুর সম্পদের মালিক হয়। তার মামা সুনীল একই ব্যবসায় উন্নতি করতে না পেরে আত্মীয়স্বজনের কাছে লজ্জিত হতো। শ্রদ্ধেয় করুণাশ্রী ভিক্ষু সুনীলের এ অবস্থা জেনে বুদ্ধের মুখনিঃসৃত যে গাথা কোশল রাজ সুখে আবৃত্তি করেছিলেন, সেই সম্পর্কে তাকে দেশনা দেন। পরবর্তীতে সুনীল তা নিজের জীবনে প্রতিফলন ঘটান।

**৩৬. সুনীলের সাথে বৌদ্ধচরিত মালার কোন রাজার মিল পাওয়া যায়?**
(ক) বিম্বিসার (খ) অজাত শত্রু
(গ) অশোক (ঘ) প্রসেনজিত

**৩৭. শ্রদ্ধেয় করুণাশ্রী ভিক্ষুর যে দেশনা সুনীলের জীবনে প্রতিফলিত হয়েছে তা থেকে আমরা কী শিক্ষা পাই?**
(ক) গুরুজনদের দেবতা জ্ঞান ভক্তি করা
(খ) প্রতিহিংসা-বশত কিছু না করা
(গ) আপন ধনে সন্তুষ্ট থাকা
(ঘ) বিপদে বন্ধুকে সাহায্য করা

**৩৮. বৈশালীর দুর্ভিক্ষ, মহামারী ও ভয় দূর হয়ে যাওয়ার কারণ কী?**
(ক) সূত্র পাঠের প্রভাব (খ) অলৌকিক শক্তির প্রভাব
(গ) প্রাকৃতিক প্রভাব (ঘ) দানের প্রভাব

**৩৯. বজ্জীরা বুদ্ধের কয়টি উপদেশ পালন করে সমৃদ্ধিশালী হন?**
(ক) পাঁচটি (খ) ছয়টি (গ) সাতটি (ঘ) নয়টি

**৪০. ক্ষান্তিবাদী জাতকে বোধিসত্ত্বের ক্ষান্তি কোথায় ছিল?**
(ক) হাতে (খ) হৃদয়ে (গ) পায়ে (ঘ) কানে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | ক |
| ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | ঘ |
| ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | খ | | | | | | | | | | | | | | | | |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

# বোর্ড পরীক্ষা, ২০১০

পূর্ণমান — ৬০

## বৌদ্ধধর্ম শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

## সৃজনশীল প্রশ্ন

### ক বিভাগ

**১.** ▶সজীব ধার্মিক যুবক। একদনি সে তার অসুস্থ বৃদ্ধ ঠাকুরমাকে কষ্ট পেয়ে মৃত্যুবরণ করতে দেখে। ঠাকুরমার মৃতদেহে যখন অগ্নিসংযোগ করা হল, কিছুক্ষণ পর দেখল তার সম্পূর্ণ শরীর ছাই হয়ে গেল। তখন সে চিন্তা করল, আমিও আমার ঠাকুরমার মত বৃদ্ধ হব, রোগ আমাকে আক্রমণ করবে, এ দেহ ছাই হয়ে যাবে। তাই সে একদিন এক মার্গফললাভী ভিক্ষুর নিকট গিয়ে প্রব্রজ্যা ধর্মে দীক্ষা গ্রহণ করেন। মার্গলাভী ভিক্ষু তাঁকে দুঃখ মুক্তির পথ অনুসরণ করতে উপদেশ দেন।

ক. ধ্যানে বসে গৌতম তৃতীয় প্রহরে কি বিষয় বুঝতে পারলেন?

খ. আর্য অষ্টাঙ্গিক মার্গের যে- কোন একটি মার্গ ব্যাখ্যা করো।

গ. গৌতমের কোন ভাবনাটি সজীবের জীবনের সাথে সম্পৃক্ত ব্যাখ্যা করো।

ঘ. সজীব যে পথ অনুসরণ করেছে তার ফলে সে কোন সত্য উপলব্ধি করতে পারবে বিশ্লেষণ করো।

**২.** ▶কমলেশ বাবু একজন সরকারি কর্মকর্তা। তিনি প্রতিদিন বুদ্ধের নির্দেশিত গৃহী বিনয় মেনে চলেন। বর্ষাবাসের সময় তিথিগুলোতে আরো বেশি শীল পালন করেন এবং ব্রহ্মচার্য পালনের চেষ্টা করেন।

ক. নবদীক্ষিত শ্রামণেরা কোন শীল পালন করে?

খ. শীল পালনের প্রধান উদ্দেশ্য ব্যাখ্যা করো।

গ. কমলেশ বাবু বর্ষাবাসের সময় তিথিগুলোতে যে শীল পালন করেন তা ব্যাখ্যা করো।

ঘ. কমলেশ বাবু শীল পালন করে জন্ম-জন্মান্তর কি ফল লাভ করতে পারে বিশ্লেষণ করো।

**৩.** ▶বিজয় শীলবান ব্যক্তি। সে মিতব্যয়ী এবং খুবই সাধারণ জীবন-যাপন করে। কিন্তু প্রতি মাসে সে ভিক্ষু সংঘকে তার গৃহে নানা রকম ভাল খাবার ও বিভিন্ন দানসামগ্রী দান করেন।

ক. দানের সাথে কোন বিষয়টি নিবিড়ভাবে জড়িত?

খ. যে কোন এক প্রকার দাতার ব্যাখ্যা দাও।

গ. বিজয়কে কোন ধরনের দাতা বলা যায় — ব্যাখ্যা করো।

ঘ. তুমি কি মনে কর, বিজয়ের দানটি মহাফলদায়ক হবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**৪.** ▶হেমন্তের মা দেখল আট বৎসরের একজন ছেলে পুকুরের গভীর জলে ডুবে যাচ্ছে। এ দৃশ্য দেখার সাথে সাথে সে ছেলেটিকে তুলে আনে এবং প্রাথমিক চিকিৎসা করে। পরে তার মা-বাবাকে সংবাদটা দিয়ে হাসপাতালে নিয়ে যায়। ফিরে আসার পথে দেখে একটি মুরগির বাচ্চা গর্তে পরে যাওয়ায় উঠতে পারছে না। সে ঐ বাচ্চাটি তুলে দিল। পাশের বাড়ির অমিতের মা তার সাথে প্রায়ই খারাপ আচরণ করত। একদিন অমিতের মায়ের খুব অসুখ। হেমান্তর মা ডাক্তার ডেকে তার সেবা করে। এরপর থেকে অমিতের মা তার সাথে খারাপ আচারণ করত না।

ক. 'ভূম্মানি' শব্দের অর্থ কি?

খ. সূত্র সুর করে আবৃত্তি করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো।

গ. বুদ্ধের কোন শিক্ষা হেমন্তর মায়ের আচরণেপ্রকাশ পায়-ব্যাখ্যা করো।

ঘ. হেমন্তের মায়ের মত সকলের মন-মানসিকতা এরূপ হলে জগতে কি থাকবে না বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

### খ বিভাগ

**৫.** ▶শালবন গ্রামের সবিতা ও সুনন্দা দুজনে একই বিদ্যালয়ে পড়াশুনা করে। সবিতার পিতা অর্ধামিক, দরিদ্র, আয় স্বল্প। বেতন ঠিকমত দিতে পারে না বলে সবিতার পড়ালেখা বন্ধ হয়ে যায়। অপরদিকে সুনন্দার পিতা বিত্তশালী এবং ধার্মিক। তিনি ধর্মগুরু, পিতামাতার সেবা, খাদ্য, পানীয়, কাপড়, ঔষধ-পথ্য ইত্যাদি সাধ্যমত দান করে। তিনি কাউকে হিংসা করেন না। বরং যোগ্য ব্যক্তিকে সম্মান করেন। ফলে তাদের পরিবারের যশঃ খ্যাতি, সুনাম ছড়িয়ে পড়ে। সুনন্দাও পড়াশুনায় সাফল্য অর্জন করে।

ক. বৌদ্ধধর্মের মূলভিত্তি কি?

খ. "কর্মই জীবগণকে হীন ও শ্রেষ্ঠ করে" — উক্তিটি ব্যাখ্যা করো।

গ. কর্মের কোন বিধানটি সুনন্দার জীবনে প্রভাব বিস্তার করেছে — ব্যাখ্যা করো।

ঘ. সবিতা ও সুনন্দা পূর্বজন্মের কোন কর্মফল ভোগ করছে? বিশ্লেষণ করো।

**৬.** ▶শীলানন্দ ভিক্ষু আট বছর বয়সে শ্রামণ্য ধর্মে দীক্ষা গ্রহণ করেন। তিনি বিভিন্ন বিহারে গিয়ে ভাবনা কার্যসম্পাদন করেন। এক সময় চিন্তা করলেন, এভাবে দুঃখের বিনাশ করা যাবে না। তাই তিনি দীঘিনালার নির্জন বনে চলে গেলেন এবং বুদ্ধের নির্দেশিত পথ অনুসরণ করলেন।

ক. পঞ্চস্কন্ধ কি কি?

খ. নির্বাণকে পরম সুখ বলার কারণ সংক্ষেপে ব্যাখ্যা করো।

গ. শীলানন্দ ভিক্ষু বুদ্ধের কোন পথ অনুসরণ করেন? ব্যাখ্যা করো।

ঘ. শীলানন্দ ভিক্ষুর অনুসরণকৃত কর্মের ফলে কি লাভ করবে? আলোচনা করো।

**৭.** ▶রিমি তার বিমাতাকে খুবই ভালবাসত। কিন্তু তার বিমাতা তাকে সামান্য ব্যাপারেও মারধর করত। একদিন একটি গ্লাস ভেঙ্গে ফেলাতে তার বিমাতা তাকে ইস্ত্রি গরম করে লাগিয়ে দেয়। আরও যন্ত্রণা পাওয়ার জন্য ক্ষতস্থানে দেয় লবণ ও মরিচ। সে রাতে রিমির বিমাতা খুবই অসুস্থ হয়। সারা রাত সে মায়ের সেবা করে। ভগবানের কাছে মা সুস্থ হওয়ার জন্য প্রার্থনা করে।

ক. জাতক কোন ভাষায় রচিত?

খ. জাতক পাঠ করা প্রয়োজন কেন? ব্যাখ্যা করো।

গ. রিমির আচরণে বোধিসত্ত্বগণের কোন গুণটির প্রতিফলন ঘটেছে — ব্যাখ্যা করো।

ঘ. বিমাতার এরূপ আচরণের জন্য ইহজন্ম ও পরজন্মে কি ফল পাবে বলে তুমি মনে করো। উত্তরে সপক্ষে যুক্তি দাও।

**৮.** ▶পোমরা গ্রামের মেয়ে সুন্দরী নন্দা। তার ছিল খুব রূপের অহংকার। সে ধর্মকর্ম করতে পছন্দ করত না। একদিন কঠিন চীবরদানে জ্ঞানবংশ ভিক্ষু পোমরা বিহারে প্রধান অতিথি হিসাবে ছিলেন। তিনি নন্দানর চিত্ত অনুযায়ী ধর্মদেশনা করেন। নন্দা ভিক্ষুর ধর্মদেশনা একাগ্র মনে শুনল এবং তার আচরণের পরিবর্তন হলো।

ক. "থের" শব্দের অর্থ কি?

খ. থের ও থেরীদের গাথাগুলো পাঠ করা হয় কেন? ব্যাখ্যা করো।

গ. কোন থেরীর জীবন কাহিনী নন্দার জীবনে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. "নন্দার ন্যায় অন্যান্য ব্যক্তিরাও ভিক্ষুসংঘের দেশনা শুনে আচরণ পরিশুদ্ধ করতে পারে"-কথাটি মূল্যায়ন করো।

**৯.** ▶উজ্জ্বল বড়ুয়া ভারতের এমন এক তীর্থস্থান দর্শন করতে গিয়েছিলেন, যেখানে তিনি বজ্রাসন, বিশাল মূর্তি, বোধিবৃক্ষ এবং সুউচ্চ চারকোণা বৌদ্ধ মন্দির দেখতে পান। তিনি সেখানে পিতামাতা ও পূর্বপুরুষের জন্য সংঘদান করেন এবং শ্রামণ্য ধর্মে দীক্ষা নেন।

ক. তীর্থ স্থান কি?

খ. সারনার্থকে মহাতীর্থ বলা হয় কেন? ব্যাখ্যা করো।

গ. উজ্জ্বল বড়ুয়া যে তীর্থ স্থানটি দর্শন করেছিলেন এর বর্ণনা দাও।

ঘ. তীর্থস্থান দর্শন করে এসে উজ্জ্বল বড়ুয়া সমাজকে কিভাবে প্রভাবিত করতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও।

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

**সময়-৪০ মিনিট পূর্ণমান-৪০**

*বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।*

**১. দেবদত্তের পিতার নাম কী?**
ক) সুপ্রবুদ্ধ খ) অঞ্জন
গ) অমিতোধন ঘ) খৌতধন

**২. ধর্ম ভান্ডারিকা কে ছিলেন?**
ক) উপালি খ) সারিপুত্র
গ) মহাকাশ্যপ ঘ) আনন্দ

**৩. অভিধম্ম পিটকে কয়টি গ্রন্থ আছে?**
ক) পাঁচ খ) ছয় গ) সাত ঘ) আট

**৪. গৌতম গৃহত্যাগ করেছিলেন কেন?**
ক) দুঃখ থেকে মুক্তির উপায় অন্বেষণের জন্য
খ) রূপসী নর্তকীদের প্রতি বিরক্ত হয়ে
গ) স্ত্রী-পুত্রের বন্ধন ছিন্ন করার জন্য
ঘ) উদ্যান ভ্রমণে যাওয়ার জন্য

**৫. বুদ্ধঘোষ কোন গ্রন্থে শীলের গুণাবলি বর্ণনা করেছিলেন?**
ক) ধর্মপদে খ) বিশুদ্ধি মার্গে
গ) পটঠানে ঘ) কথাবথুতে

**৬. কোন দানকে উত্তম দান বলা হয়**
ক) পুদগলিক দান খ) সংঘদান
গ) অষ্ট পরিস্কার দান ঘ) কঠিন চীবর দান

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
নন্দিতা ও মল্লিকা দুইবোন। তারা আষাঢ়ী পূর্ণিমা তিথিতে বিহারে গিয়ে বুদ্ধ পূজা ও বন্দনা করে ভিক্ষুর কাছ থেকে সমবেতভাবে শীল গ্রহণ করেন। নন্দিতা ও মল্লিকা উক্ত দিবস সংসারের যাবতীয় চিন্তা মুক্ত থেকে দান, শীল ও ভাবনায় রত থাকেন।

**৭. নন্দিতা ও মল্লিকা আষাঢ়ী পূর্ণিমায় কোন শীল গ্রহণ করেন?**
ক) পঞ্চশীল খ) অষ্টশীল
গ) দশশীল ঘ) পাতিমোক্খশীল

**৮. নন্দিতা ও মল্লিকা উক্ত কর্ম চেতনার ফলে লাভ করবেন-**
i. সংগতি ii. স্বর্গ iii. সৎসজ্ঞা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i ,ii ও iii

**৯. 'যক্ষদের প্রতি শত্রুভাব পোষণ না করে মৈত্রীভাব পোষণ কর'।– এ উক্তিটি কে করেছিলেন?**
ক) আনন্দ খ) বুদ্ধ
গ) সারিপুত্র ঘ) সীবলী

**১০. 'জীবগণ কর্মের অধীন' বলতে বোঝানো হয়েছে-**
i কর্মের বিচার জীবগণ উঁচুকূলে জন্মগ্রহণ করে
ii. কর্মের বিচারে জীবগণ নীচুকূলে জন্মগ্রহণ করে
iii. কর্মের বিচারে বুদ্ধ জীবগণকে মুক্ত করেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii গ) i ও ii ঘ) i , ii ও iii

**১১. জন্ম-জন্মান্তরের কুশলকর্ম সম্পাদন করার ক্ষেত্রে বোধিসত্ত্ব জীবনের প্রধান বৈশিষ্ট্য কোনটি?**
ক) সুখ লাভ খ) বুদ্ধত্ব লাভ
গ) মানব কূলে জন্মলাভ ঘ) স্বর্গে গমন

**১২. আচার্য শান্তিদেবের মতে-**
ক) 'ত্যাগই নির্বাণ' খ) 'সর্বত্যাগই নির্বাণ'
গ) 'তৃষ্ণার ক্ষয়ই নির্বাণ' ঘ) 'জন্ম নিরোধই নির্বাণ'

**১৩. বিনয়ধারী ভিক্ষুদেরকে বৌদ্ধ জগতের উজ্জ্বল আলো বলার কারণ-**
i. তাঁরা বুদ্ধশাসনকে পরিচিত করেছেন
ii. তাঁদের জন্য নির্বাণের দরজা উন্মুক্ত
iii. তাঁরা অন্যদের মুক্ত করেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii গ) i ও ii ঘ) ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪, ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
লিপি একজন ধার্মিক উপাসিকা। তিনি প্রতিদিন বিহারে গিয়ে ভিক্ষু-শ্রামণদের সেবা করেন। একদিন বিহারে এক মার্গলাভী ভিক্ষুর আগমনে তার শ্রদ্ধা উৎপন্ন হলো এবং দান করতে মনস্থির করেন। তিনি মার্গলাভী ভিক্ষুসহ ভিক্ষুসংঘ্যকে নিমন্ত্রণ করে উৎকৃষ্ট দানীয় সামগ্রী দান করন।

**১৪. লিপির দান চেতনা কোনটি?**
ক) ভোগ সম্পত্তি খ) চিত্ত সম্পত্তি
গ) বস্ত সম্পত্তি ঘ) প্রহিগ্রাহক সম্পত্তি

**১৫. লিপি কোন ধরনের দাতা?**
ক) দানদাস খ) দানসহার
গ) দানপ্রতি ঘ) দানবীর

**১৬. লিপি উক্ত দান কর্মের ফলে লাভ করবেন-**
i. মৃত্যুর পর হীনকূলে জন্ম গ্রহণ
ii. মৃত্যুর পর প্রতিরূপ দেশে জন্ম গ্রহণ
iii. মৃত্যুর পর সুখী হয়ে জন্ম গ্রহণ
**নিচের কোনটি সঠিক**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**১৭. ভিক্ষুত্বে উপনীত হতে কমপক্ষে কত বছর বয়স হতে হয়?**
ক) ২০ বছর খ) ২৫ বছর
গ) ৩০ বছর ঘ) ৩৫ বছর

**১৮. 'নির্বাণ' সাক্ষাৎ করতে কী প্রয়োজন হয়?**
ক) মৈত্রী ও করুনা খ) দানও শীল
গ) প্রজ্ঞা ও ধ্যান ঘ) জ্ঞান ও প্রচেষ্টা

**১৯. ভিক্ষুদের উপদেশ নন্দ কর্ণপাত করেননি কেন?**
ক) ধর্মের প্রতি অনীহা সৃষ্টি হওয়ায়
খ) ব্রহ্মচর্য পালনে অনীহা সৃষ্টি ও হওয়ায়
গ) জনপদ কল্যাণীর মায়ায় মুগ্ধ হওয়ায়
ঘ) গৃহী ধর্মের প্রতি আসক্তি হওয়ায়

**২০. বুদ্ধগয়ার বিশাল বুদ্ধমূর্তিটি কোন দেশে কর্তৃক নির্মিত হয়েছিল?**
ক) মায়ানমার খ) শ্রীলঙ্কা
গ) চীন ঘ) জাপান

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সৌমিত্রের দাদু মৃত্যু শয্যায় ছটফট করছিল। ঠিক সে মুহূর্তে তাদের উঠানে, রাতে একটি অশুভ পাখি ডাকছিল। সৌমিত্র বিজ্ঞ ব্যক্তিদের অনুরোধে বিহারে জ্যেষ্ঠ ভিক্ষুকে ফাং (নিমন্ত্রণ) করে এনে সূত্রপাঠ করালেন। সূত্র শুনতে শুনতে তার দাদু প্রাণ ত্যাগ করলেন।

**২১. সৌমিত্র জ্যেষ্ঠ ভিক্ষুদের দিয়ে সূত্র পাঠ করার উদ্দেশ্য কী ছিল?**
ক) দাদুর আরোগ্যলাভ করা
খ) সকলের ভয় দূরীভূত করা
গ) অমঙ্গল দূর করা
ঘ) পরিবেশ শান্ত করা

**২২. দাদুর প্রাণ ত্যাগের ফল হবে-**
ক) সুগতি খ) নির্বাণ
গ) মার্গফল ঘ) মহাব্রহ্মত্ব

**২৩. মৌদগল্যায়ন কোন শক্তিতে সর্বশ্রেষ্ঠ?**
ক) জ্ঞান খ) বিদ্যা গ) বুদ্ধি ঘ) ঋদ্ধি

**২৪. জাতক বলতে কী বোঝায়?**
ক) প্রিয়দর্শী বুদ্ধের অতীত জন্ম বৃত্তান্ত
খ) দেবদত্তের অতীত জন্ম বৃত্তান্ত
গ) গৌতম বুদ্ধের অতীত জন্ম বৃত্তান্ত
ঘ) বৌদ্ধ ভিক্ষুদের অতীত জন্ম বৃত্তান্ত

**২৫. পঞ্চম সংগীতি কোথায় অনুষ্ঠিত হয়?**
ক) রাজগৃহে খ) সিংহলে
গ) ভারতে ঘ) বার্মায় (মায়ানমারে)

**২৬. 'বৈশাখী পূর্ণিমা' বৌদ্ধদের বিশেষ গুরুত্বপূর্ণ দিবস; কারণ এই দিবসে-**
i. বুদ্ধ জন্ম ও মহাপরিনির্বাণ লাভ করেন
ii. বুদ্ধ প্রতিসন্ধি লাভ করেন
iii. বুদ্ধ বুদ্ধত্ব লাভ করেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেটি পড়ে ২৭, ২৮, ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
অর্পন ভ্রমণকারীদের সাথে ভারতে বুদ্ধের প্রতি বিজড়িত স্থানগুলো দর্শন করার জন্য মনস্থির করলেন। প্রথমে তারা হায়দ্রাবাদের নিজাম রাজ্যের উত্তর সীমানায় অবস্থিত দুগর্ম পাহাড়ে ঘেরা প্রাকৃতিক গুহা দর্শন করেন। স্থানটি বুদ্ধের জীবনের সাথে প্রত্যক্ষ কোন সংযোগ না থাকলেও বুদ্ধের বর্তমান ও অতীত জীবনকে শিল্পে রূপ দিয়েছেন। পরবর্তী দিন তারা ভারতের বিহার রাজ্যে পাটনা জেলায় অবস্থিত পাঁচটি পাহাড়ে ঘেরা একটি মনোরম স্থানও দর্শন করেন। ইতিপূর্বে যেখানে প্রথম বৌদ্ধ সংগীতি অনুষ্ঠিত হয়েছিল।

**২৭. অর্পন প্রথমে কোন স্থান দর্শন করেছেন?**
ক) রাজগৃহ খ) বৈশালী
গ) শ্রাবন্তী ঘ) অজন্তা

**২৮. অর্পন পরবর্তী দিন কোন বিহার দর্শন করেছেন?**
ক) বেনুবন খ) সোমপুর
গ) রাজকারাম ঘ) পূর্বারাম

**২৯. অর্পন উক্ত স্থানগুলো দর্শন করে যে অভিজ্ঞতা অর্জন করবেন তা হলো-**
i. বৌদ্ধ নির্দশনগুলোর সঙ্গে পরিচয় ঘটবে
ii. ধর্ম ও ঐতিহ্যের প্রতি আগ্রহ বাড়বে
iii. বই পড়ে লাভ করা জ্ঞানের সঙ্গে প্রত্যক্ষ জ্ঞানের সমন্বয় ঘটবে।
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩০. ক্ষেমার প্রব্রজ্যা থেকে কী শিক্ষা লাভ করা যায়?**
ক) জীবন ভোগযোগ্য খ) জীবন যন্ত্রণাময়
গ) জীবন ক্ষণস্থায়ী ঘ) জীবন সৌন্দর্য চর্চার

**৩১. কু-ল কেশীর নাম কী?**
ক) জম্বুরাণী খ) জম্বু কন্যা
গ) জম্বু বালিকা ঘ) জম্বু পরিব্রাজিকা

**৩২. বর্তমানে অনুদিত জাতকের সংখ্যা কয়টি?**
ক) ৫৪৬ খ) ৫৪৭
গ) ৫৪৮ ঘ) ৫৫০

**৩৩. বৌদ্ধ সংগীতির উদ্দেশ্য কী?**
ক) বুদ্ধের বাণী সংরক্ষণ করা
খ) বিনয়ী ভিক্ষুদের উন্নতি লাভ
গ) সমাজ সংস্কার করা ঘ) ধর্ম প্রচার করা

**৩৪. 'ইমং ভিক্খং সপরিকখরাং ভিক্খু সঙ্ঘসস দেম পুজেম' – এই বাক্যটি দ্বারা কোন দান সম্পাদিত হয়ে থাকে?**
ক) কঠিন চীবর দান খ) অষ্ট পরিস্কার দান
গ) সজ্ঞদান ঘ) পিন্ড দান

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৫ ও ৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
ধর্ম জ্যোতি ভিক্ষু বরকলে গিয়ে একটি গাছের নিচে বুদ্ধের নির্দেশিত পথ অনুসরণ করছিলেন। সেখানে বিভিন্ন হিংস্র প্রাণীদের উৎপাত ছিল। কিন্তু কোন প্রাণীর ভয়ে ধর্ম জ্যোতি ভিক্ষুকে বিচলিত করতে পারল না। এক সময় বড় এক সর্প এসে তাঁকে ছোবল মারার চেষ্টা করলে তাতেও তিনি চোখ খুলেন নি।

**৩৫. ধর্ম জ্যোতি ভিক্ষু কোন সাধনায় রত ছিলেন?**
ক) মৈত্রী খ) ধ্যান
গ) সমাধি ঘ) ভাবনা

**৩৬. ধর্ম জ্যোতি ভিক্ষু উক্ত সাধনায় কী অভিজ্ঞতা অর্জন করবেন?**
ক) সোপাদিসেস নির্বাণ খ) পূর্ব জন্মের স্মৃতি
গ) বোধিসত্ত্ব জ্ঞান ঘ) বুদ্ধ জ্ঞান

**৩৭. তোদেয্য পুত্রের নাম কী?**
ক) দীর্ঘায়ু কুমার খ) দেবদত্ত
গ) অনাথ পিন্ডিক ঘ) শুভমানব

**৩৮. জাতকের কাহিনীতে রয়েছে-**
i. কুসংস্কারে বিশ্বাসের কথা
ii. সামাজি রীতি-নীতির কথা
iii. জীব প্রেমের কথা
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩৯. চট্টগ্রাম বৌদ্ধ সমিতি কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?**
ক) ১৮৯৪ খ) ১৮৯৫
গ) ১৮৯৬ ঘ) ১৮৯৭

**৪০. পার্বত্য বৌদ্ধ সংঘের পত্রিকার নাম কী?**
ক) মৈত্রীবাণী খ) জ্যোতি
গ) অনোসা ঘ) কৃষ্টি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | ঘ | ৪ | | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | গ |
| ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | ক |
| ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | ঘ | ৪০ | ঘ | | | | | | | | | | | | | | | | |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

# নির্বাচনি পরীক্ষা, ২০১০

পূর্ণমান — ৬০

## বৌদ্ধধর্ম শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

## সৃজনশীল প্রশ্ন

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক অংশ থেকে তিনটি প্রশ্নের উত্তর সহ মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দাও।]*

### ক বিভাগ

**১.** ▶বার্মার শ্রদ্ধেয় "কুলং ছেয়াদ" এক বৈশাখী পূর্ণিমায় ঢাকাস্থ ধর্মরাজিক বৌদ্ধ বিহারে আসেন। তিনি বুদ্ধরত্ন ও মানবজীবন দুর্লভ সম্পর্কে দেশনা করেন। দেশনার এক পর্যায়ে তিনি বলেন, সকল মানুষ বুদ্ধ হওয়ার যোগ্য। ভন্তের দেশনা শুনে আশ্রমের শিক্ষার্থী উপতিষ্যের মনে কুশল চেতনা উৎপন্ন হলো। সেদিন থেকে ছেলেটি প্রতিজ্ঞাবদ্ধ হলো–আমার নিজের জীবনকে দান, শীল ও ভাবনায় পরিপূর্ণ করে তুলব। অনুষ্ঠান শেষে শ্রদ্ধেয় কুলং ছেয়াদের নিকট গিয়ে প্রার্থনা করল সে যেন প্রত্যেক জন্মে কুশল কর্ম সম্পাদন করতে পারে।

ক. প্রত্যেক বুদ্ধ কারা? ১
খ. সম্যক সম্বুদ্ধ ও শ্রাবক বুদ্ধের মধ্যে পার্থক্য সংক্ষেপে নিরূপণ করো। ২
গ. উপতিষ্য যে জ্ঞান অর্জন করতে চায় তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উপতিষ্য যদি ভবিষ্যতে বুদ্ধ হন তাহলে কোন ধরনের বুদ্ধত্ব লাভ করবেন তাস তোমার পাঠ্য বইয়ের আলোকে মতামত দাও। ৪

**২.** ▶সুরেশ ও জগদীশ খারাপ বন্ধুদের সাথে মেলামেশা করত। একদিন অতিরিক্ত নেশাদ্রব্য সেবন করে মোটরসাইকেল দুর্ঘটনায় তারা রাস্তায় ছিটকে পড়ল। তারপর তাদেরকে কিছু লোক তুলে নিয়ে হাসপাতালে ভর্তি করাল। চিকিৎসায় তাদের জ্ঞান ফিরে এলে তারা তীব্র শারীরিক ও মানসিক যন্ত্রণা অনুভব করল। তখন দুজনেই প্রতিজ্ঞা করল যে সুস্থ হলে তারা ভিক্ষুর নিকট গিয়ে দীক্ষা গ্রহণ করবে।

ক. জাতরূপ-রজত শব্দের অর্থ কী? ১
খ. নিজের খুশিমত শীলগ্রহণ ও পালন করা যায় না কেন? সংক্ষেপে ব্যাখ্যা করো। ২
গ. বুদ্ধের কোন নীতি লঙ্ঘন করায় সুরেশ ও জগদীশ অনুচ্ছেদে উল্লেখিত কর্মফল ভোগ করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সুরেশ ও জগদীশের অনুশোচনায় মনের যে পরিবর্তন আসল তার ফলে তাদের ইহ ও পর জীবন কেমন হতে পারে? তোমার মতামত দাও। ৪

**৩.** ▶আমেরিকা ফেরত দীলিপ বড়ুয়া জেতবন বৌদ্ধ বিহারে আশ্বিনী পূর্ণিমার পরদিন এক দানীয় অনুষ্ঠানের আয়োজন করেন। সেখানে চল্লিশজন ভিক্ষুকে নিমন্ত্রণ করেন। অনুষ্ঠানের যাবতীয় খরচ এবং ভিক্ষুদের পরিধেয় কাষায় বস্ত্র সব তিনি নিজের খরচে বহন করেন। এই অনুষ্ঠান পালন করার জন্য তিনি পরবর্তী পূর্ণিমায় জেতবন বৌদ্ধ মন্দিরে অষ্টশীল পালন করেন।

ক. দান পারমী পূরণের জন্য কোন রাজা স্ত্রী, পুত্র, কন্যাকে দান করেছিলেন? ১
খ. প্রেতলোকে জন্মগ্রহণকারীদের উদ্দেশ্যে পূর্ব পুরুষ কর্তৃক দান দেয়ার কারণ ব্যাখ্যা করো। ২
গ. দীলিপ বাবু যে ধরনের দান অনুষ্ঠান সম্পাদন করেন তা ব্যাখ্যা করো। ৩
ঘ. দীলিপ বাবু যে দান কার্য সম্পাদন করেছেন বৌদ্ধধর্মের আলোকে তার ফলাফল বর্ণনা করো। ৪

**৪.** ▶গাথা ১–দিট্ঠা বা যে চ অদিট্ঠা যে চ দূরে বসন্তি অবিদূরে,
ভূতা বা সম্ভবেসী বা সব্বে সত্তা ভবন্তু সুখিতাত্তা।
গাথা ২–মাতা যথা নিযং পুত্তং আযুসা এক পুতমনুরক্খে,
এবম্পি সব্বভূতেসু মানসং ভাব যে অপরিমাণং।

ক. 'বরদো' শব্দের অর্থ কী? ১
খ. সকল প্রাণীর প্রতি মৈত্রীভাব পোষণ করা উচিত কেন? ২
গ. গাথা দুটোতে যে সূত্রের সারতত্ত্ব নিহিত আছে তার মূল বক্তব্য ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উপরের গাথা দুটি উল্লিখিত বুদ্ধের দেশনার গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল।' – বিশ্লেষণ করো। ৪

### ক বিভাগ

**৫.** ▶কবিতা একজন ধার্মিক উপাসিকা। তিনি প্রতিদিন সন্ধ্যায় বিহারে বিহারাধ্যক্ষ ভান্তের নিকট থেকে অষ্টশীল গ্রহণ করে প্রায় তিন-চার ঘণ্টা ধ্যান ও চংক্রমণ করেন। অনেক সময় তিনি এক মাস কিংবা পনের দিনের জন্য বুদ্ধের নির্দেশিকা পথ অনুসরণ করেন।

ক. বুদ্ধ কোন সূত্রে কর্মের দেশনা করেছেন? ১
খ. 'বৌদ্ধ ধর্মের মূলভিত্তি কর্মবাদ।' – এই কথাটি বলার কারণ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লেখিত কবিতার কর্মটিকে কোন ধরনের বিধান বলা যায় ব্যাখ্যা করো। ৩
ঘ. কবিতা তার সম্পাদিত কর্মের দ্বারা ইহ ও পর জন্মে কী ফল লাভ করতে পারে বিশ্লেষণ করো। ৪

**৬.** ▶অনিরুদ্ধ ও মহানাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র। কিছু বখাটে যুবক বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া অন্যান্য ছাত্রদের হেরোইনসহ ড্রাগ গ্রহণের জন্য উদ্বুদ্ধ করতো। এসব ক্রয়ের জন্য তারা বিভিন্ন অসৎ উপায় অবলম্বন করে অর্থ উপার্জন করতো। বখাটে যুবকরা এলাকার বিভিন্ন প্রতিষ্ঠানের ছাত্রীদেরকে প্রতিনিয়ত উত্যক্ত করতেও দ্বিধা করতো না। অনিরুদ্ধ ও মহানামকে তাদের অপকর্মের সাথে জড়াতে চাইলে তারা তাদেরকে বলতো তোমরা যা করছ তা ঠিক নয়। এ কাজ তোমরা করবে না, অন্যদেরকেও উদ্বুদ্ধ করবে না।

ক. ভিক্ষুদের মাসে কয়বার পাতিমোকখ আবৃত্তি করতে হয়? ১
খ. অনিত্য ভাবনা বারবার করা উচিত কেন? ব্যাখ্যা করো। ২
গ. অনিরুদ্ধ ও মহানাম বুদ্ধের কোন নির্দেশ অনুসরণ করে বিশ্ববিদ্যালয়ের শান্তি-শৃঙ্খলার পরিবেশ অনুকূলে আনতে পারবে– ব্যাখ্যা করো। ৩
ঘ. অনিরুদ্ধ ও মহামানের নীতি অনুসরণ করলে বখাটে যুবকরা কী সুফল পাবে বলে তুমি মনে করো ? ৪

**৭.** ▶নির্মল বাবুর ঢাকায় একটি ব্যবসা প্রতিষ্ঠান আছে। সেখানে তার ছোটবেলার বন্ধু পটলকে প্রতিষ্ঠানের একজন কর্মচারি হিসেবে নিয়োগ দেন। কিন্তু নির্মল বাবুর পরিবার ও তার কর্মচারিরা তাকে পছন্দ করত না। তিনি প্রতিষ্ঠানকে আরো ভালোভাবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে ব্যাংক থেকে ঋণ নেন। কিন্তু প্রাকৃতিক দুর্যোগের কারণে ব্যবসায়ে লাভবান হতে না পেরে তিনি ঋণগ্রস্ত হয়ে বিপদের সম্মুখীন হন। এমতাবস্থায় পটল তার গ্রামের পৈতৃক ভিটা বিক্রি করে নির্মল বাবুর ঋণ পরিশোধ করে দেন।

ক. ক্ষান্তিবাদী জাতকের উপদেশ কী? ১
খ. মা-বাবার প্রতি শ্রদ্ধাশীল হওয়া উচিত কেন? ২
গ. অনুচ্ছেদে বর্ণিত পটলের চরিত্রের সাথে জাতকের কার চরিত্রের মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. অনুচ্ছেদে বর্ণিত পটলের কাজকে সমাজে কীভাবে মূল্যায়ন করা যেতে পারে? তোমার মতামত দাও। ৪

**৮.** ▶অজয় এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা দেবরাজ তালুকদার অনেক কলকারখানা ও ধন সম্পদের মালিক। তিনি ধার্মিক, সৎ এবং দানবীর ছিলেন। অজয় প্রাপ্তবয়স্ক হলে অসৎ লোকদের কুপরামর্শে বাবার প্রতি বিভিন্নভাবে অত্যাচার করতে থাকে। এতে তার বাবা মানসিকভাবে কষ্ট পান এবং পরবর্তীতে মৃত্যুবরণ করেন।

ক. ধর্মসেনাপতি নামে অভিহিত ছিলেন কে? ১
খ. বুদ্ধ সারনাথে ধর্মচক্র প্রবর্তন করেন কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লেখিত দেবরাজ চরিত্রের সাথে চরিতমালার কোন চরিত্রের সামঞ্জস্য খুঁজে পাওয়া যায় ব্যাখ্যা করে। ৩
ঘ. অজয় তার পিতার সাথে যেরূপ আচরণ করেছে, ধর্মীয় দৃষ্টিতে পরজন্মে সে কী ফল ভোগ করতে পারে বলে তুমি মনে করো। উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

**৯.** ▶রিপন বড়ুয়া লেখাপড়ায় খুবই অমনোযোগী ছিল। সে কোন এক গ্রামে কিছু লোকের মুখে জানল ঐ গ্রামের বিশেষ কিছু লোক যাগযজ্ঞ ও তন্ত্রমন্ত্র দিয়ে চাকরি প্রাপ্তি, পরীক্ষায় পাস, জীবনের উন্নতি ইত্যাদি লাভ করে দিতে পারে। তাই রিপন অন্ধবিশ্বাসী হয়ে সেখানে গিয়ে তাদের দেওয়া তাবিজকবজ গ্রহণ করল। এভাবে এলাকার আরও অনেক লোক টাকা-পয়সা খরচ করে তাদের থেকে বিভিন্ন তাবিজকবজ গ্রহণে ধাবিত হলো।

ক. মৌর্যরা কত বছর মগধের সিংহাসনে ছিলেন? ১
খ. পাল রাজারা বৌদ্ধদের কাছে এত গুরুত্বপূর্ণ কেন?–ব্যাখ্যা করো। ২
গ. অনুচ্ছেদে বর্ণিত বৌদ্ধ ধর্মের ইতিহাসের কোন যুগের ধর্মীয় ও সামাজিক অবস্থার মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. অনুচ্ছেদের ঘটনা যদি তোমার এলাকায় ঘটে বৌদ্ধ নীতিমালার আলোকে তোমার ভূমিকা কী হতে পারে? – মতামত দাও। ৪

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ১ ৩

**সময়-৪০ মিনিট পূর্ণমান-৪০**

*বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।*

**১. দেবদত্তের পিতার নাম কী?**
(ক) সুপ্রবুদ্ধ (খ) অঞ্জন
(গ) অমিতোধন (ঘ) ধৌতধন

**২. ধর্ম ভাণ্ডারিকা কে ছিলেন?**
(ক) উপালি (খ) সারিপুত্র
(গ) মহাকাশ্যপ (ঘ) আনন্দ

**৩. অভিধম্ম পিটকে কয়টি গ্রন্থ আছে?**
(ক) পাঁচ (খ) ছয় (গ) সাত (ঘ) আট

**৪. গৌতম গৃহত্যাগ করেছিলেন কেন?**
(ক) দুঃখ থেকে মুক্তির উপায় অন্বেষণের জন্য
(খ) রূপসী নর্তকীদের প্রতি বিরক্ত হয়ে
(গ) স্ত্রী-পুত্রের বন্ধন ছিন্ন করার জন্য
(ঘ) উদ্যান ভ্রমণে যাওয়ার জন্য

**৫. বুদ্ধঘোষ কোন গ্রন্থে শীলের গুণাবলি বর্ণনা করেছিলেন?**
(ক) ধর্মপদে (খ) বিশুদ্ধি মার্গে
(গ) পটঠানে (ঘ) কথাবত্থুতে

**৬. কোন দানকে উত্তম দান বলা হয়**
(ক) পুদগলিক দান (খ) সংঘদান
(গ) অষ্ট পরিস্কার দান (ঘ) কঠিন চীবর দান

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
নন্দিতা ও মল্লিকা দুইবোন। তারা আষাঢ়ী পূর্ণিমা তিথিতে বিহারে গিয়ে বুদ্ধ পূজা ও বন্দনা করে ভিক্ষুর কাছ থেকে সমবেতভাবে শীল গ্রহণ করেন। নন্দিতা ও মল্লিকা উক্ত দিবস সংসারের যাবতীয় চিন্তা মুক্ত থেকে দান, শীল ও ভাবনায় রত থাকেন।

**৭. নন্দিতা ও মল্লিকা আষাঢ়ী পূর্ণিমায় কোন শীল গ্রহণ করেন?**
(ক) পঞ্চশীল (খ) অষ্টশীল
(গ) দশশীল (ঘ) পাতিমোক্খশীল

**৮. নন্দিতা ও মল্লিকা উক্ত কর্ম চেতনার ফলে লাভ করবেন-**
i. সংগতি ii. স্বর্গ iii. সৎসজ্ঞা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ,ii ও iii

**৯. 'যক্ষদের প্রতি শত্রুভাব পোষণ না করে মৈত্রীভাব পোষণ কর'।– এ উক্তিটি কে করেছিলেন?**
(ক) আনন্দ (খ) বুদ্ধ
(গ) সারিপুত্র (ঘ) সীবলী

**১০. 'জীবগণ কর্মের অধীন' বলতে বোঝানো হয়েছে-**
i কর্মের বিচার জীবগণ উঁচুকূলে জন্মগ্রহণ করে
ii. কর্মের বিচারে জীবগণ নীচুকূলে জন্মগ্রহণ করে
iii. কর্মের বিচারে বুদ্ধ জীবগণকে মুক্ত করেন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i , ii ও iii

**১১. জন্ম-জন্মান্তরের কুশলকর্ম সম্পাদন করার ক্ষেত্রে বোধিসত্ত্ব জীবনের প্রধান বৈশিষ্ট্য কোনটি?**
(ক) সুখ লাভ (খ) বুদ্ধত্ব লাভ
(গ) মানব কূলে জন্মলাভ (ঘ) স্বর্গে গমন

**১২. আচার্য শান্তিদেবের মতে-**
(ক) 'ত্যাগই নির্বাণ' (খ) 'সর্বত্যাগই নির্বাণ'
(গ) 'তৃষ্ণার ক্ষয়ই নির্বাণ' (ঘ) 'জন্ম নিরোধই নির্বাণ'

**১৩. বিনয়ধারী ভিক্ষুদেরকে বৌদ্ধ জগতের উজ্জ্বল আলো বলার কারণ-**
i. তাঁরা বুদ্ধশাসনকে পরিচিত করেছেন
ii. তাঁদের জন্য নির্বাণের দরজা উন্মুক্ত
iii. তাঁরা অন্যদের মুক্ত করেন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪, ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
লিপি একজন ধার্মিক উপাসিকা। তিনি প্রতিদিন বিহারে গিয়ে ভিক্ষু-শ্রামণদের সেবা করেন। একদিন বিহারে এক মার্গলাভী ভিক্ষুর আগমনে তার শ্রদ্ধা উৎপন্ন হলো এবং দান করতে মনস্থির করেন। তিনি মার্গলাভী ভিক্ষুসহ ভিক্ষুসংখ্যকে নিমন্ত্রণ করে উৎকৃষ্ট দানীয় সামগ্রী দান করেন।

**১৪. লিপির দান চেতনা কোনটি?**
(ক) ভোগ সম্পত্তি (খ) চিত্ত সম্পত্তি
(গ) বস্ত সম্পত্তি (ঘ) প্রতিগ্রাহক সম্পত্তি

**১৫. লিপি কোন ধরনের দাতা?**
(ক) দানদাস (খ) দানসহার
(গ) দানপ্রতি (ঘ) দানবীর

**১৬. লিপি উক্ত দান কর্মের ফলে লাভ করবেন-**
i. মৃত্যুর পর হীনকূলে জন্ম গ্রহণ
ii. মৃত্যুর পর প্রতিরূপ দেশে জন্ম গ্রহণ
iii. মৃত্যুর পর সুশ্রী হয়ে জন্ম গ্রহণ
**নিচের কোনটি সঠিক**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৭. ভিক্ষুত্বের উপনীত হতে কমপক্ষে কত বছর বয়স হতে হয়?**
(ক) ২০ বছর (খ) ২৫ বছর
(গ) ৩০ বছর (ঘ) ৩৫ বছর

**১৮. 'নির্বাণ' সাক্ষাৎ করতে কী প্রয়োজন হয়?**
(ক) মৈত্রী ও করুনা (খ) দানও শীল
(গ) প্রজ্ঞা ও ধ্যান (ঘ) জ্ঞান ও প্রচেষ্টা

**১৯. ভিক্ষুদের উপদেশ নন্দ কর্ণপাত করেননি কেন?**
(ক) ধর্মের প্রতি অনীহা সৃষ্টি হওয়ায়
(খ) ব্রহ্মচর্য পালনে অনীহা সৃষ্টি ও হওয়ায়
(গ) জনপদ কল্যাণীর মায়ায় মুগ্ধ হওয়ায়
(ঘ) গৃহী ধর্মের প্রতি আসক্তি হওয়ায়

**২০. বুদ্ধগয়ার বিশাল বুদ্ধমূর্তিটি কোন দেশে কর্তৃক নির্মিত হয়েছিল?**
(ক) মায়ানমার (খ) শ্রীলঙ্কা
(গ) চীন (ঘ) জাপান

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
সৌমিত্রের দাদু মৃত্যু শয্যায় ছটফট করছিল। ঠিক সে মুহূর্তে তাদের উঠানে, রাতে একটি অশুভ পাখি ডাকছিল। সৌমিত্র বিজ্ঞ ব্যক্তিদের অনুরোধে বিহারে জ্যেষ্ঠ ভিক্ষুকে ফাং (নিমন্ত্রণ) করে এনে সূত্রপাঠ করালেন। সূত্র শুনতে শুনতে তার দাদু প্রাণ ত্যাগ করলেন।

**২১. সৌমিত্রি জ্যেষ্ঠ ভিক্ষুদের দিয়ে সূত্র পাঠ করার উদ্দেশ কী ছিল?**
(ক) দাদুর আরোগ্যলাভ করা
(খ) সকলের ভয় দূরীভূত করা
(গ) অমজ্ঞাল দূর করা (ঘ) পরিবেশ শান্ত করা

**২২. দাদুর প্রাণ ত্যাগের ফল হবে-**
(ক) সুগতি (খ) নির্বাণ
(গ) মার্গফল (ঘ) মহাব্রহ্মত্ব

**২৩. মৌদগল্যায়ন কোন শক্তিতে সর্বশ্রেষ্ঠ?**
(ক) জ্ঞান (খ) বিদ্যা (গ) বুদ্ধি (ঘ) ঋদ্ধি

**২৪. জাতক বলতে কী বোঝায়?**
(ক) প্রিয়দর্শী বুদ্ধের অতীত জন্ম বৃত্তান্ত
(খ) দেবদত্তের অতীত জন্ম বৃত্তান্ত
(গ) গৌতম বুদ্ধের অতীত জন্ম বৃত্তান্ত
(ঘ) বৌদ্ধ ভিক্ষুদের অতীত জন্ম বৃত্তান্ত

**২৫. পঞ্চম সংগীতি কোথায় অনুষ্ঠিত হয়?**
(ক) রাজগৃহে (খ) সিংহলে
(গ) ভারতে (ঘ) বার্মায় (মায়ানমারে)

**২৬. 'বৈশাখী পূর্ণিমা' বৌদ্ধদের বিশেষ গুরুত্বপূর্ণ দিবস; কারণ এই দিবসে-**
i. বুদ্ধ জন্ম ও মহাপরিনির্বাণ লাভ করেন
ii. বুদ্ধ প্রতিসন্ধি লাভ করেন
iii. বুদ্ধ বুদ্ধত্ব লাভ করেন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৭, ২৮, ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
অর্পন ভ্রমণকারীদের সাথে ভারতে বুদ্ধের প্রতি বিজড়িত স্থানগুলো দর্শন করার জন্য মনস্থির করলেন। প্রথমে তারা হায়দ্রাবাদের নিজাম রাজ্যের উত্তর সীমানায় অবস্থিত দুগর্ম পাহাড়ে ঘেরা প্রাকৃতিক গুহা দর্শন করেন। স্থানটি বুদ্ধের জীবনের সাথে প্রত্যক্ষ কোন সংযোগ না থাকলেও বুদ্ধের বর্তমান ও অতীত জীবনকে শিল্পে রূপ দিয়েছেন। পরবর্তী দিন তারা ভারতের বিহার রাজ্যে পাটনা জেলায় অবস্থিত পাঁচটি পাহাড়ে ঘেরা একটি মনোরম স্থানও দর্শন করেন। ইতিপূর্বে যেখানে প্রথম বৌদ্ধ সংগীতি অনুষ্ঠিত হয়েছিল।

**২৭. অর্পন প্রথমে কোন স্থান দর্শন করেছেন?**
(ক) রাজগৃহ (খ) বৈশালী
(গ) শ্রাবন্তী (ঘ) অজন্তা

**২৮. অর্পন পরবর্তী দিন কোন বিহার দর্শন করেছেন?**
(ক) বেনুবন (খ) সোমপুর
(গ) রাজকারাম (ঘ) পূর্বারাম

**২৯. অর্পন উক্ত স্থানগুলো দর্শন করে যে অভিজ্ঞতা অর্জন করবেন তা হলো-**
i. বৌদ্ধ নির্দশনগুলোর সজ্ঞে পরিচয় ঘটবে
ii. ধর্ম ও ঐতিহ্যের প্রতি আগ্রহ বাড়বে
iii. বই পড়ে লাভ করা জ্ঞানের সজ্ঞে প্রত্যক্ষ জ্ঞানের সমন্বয় ঘটবে।
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩০. ক্ষেমার প্রব্রজ্যা থেকে কী শিক্ষা লাভ করা যায়?**
(ক) জীবন ভোগযোগ্য (খ) জীবন যন্ত্রণাময়
(গ) জীবন ক্ষণস্থায়ী (ঘ) জীবন সৌন্দর্য চর্চার

**৩১. কুণ্ডল কেশীর নাম কী?**
(ক) জম্বুরাণী (খ) জম্বু কন্যা
(গ) জম্বু বালিকা (ঘ) জম্বু পরিব্রাজিকা

**৩২. বর্তমানে অনুদিত জাতকের সংখ্যা কয়টি?**
(ক) ৫৪৬ (খ) ৫৪৭
(গ) ৫৪৮ (ঘ) ৫৫০

**৩৩. বৌদ্ধ সংগীতির উদ্দেশ্য কী?**
(ক) বুদ্ধের বাণী সংরক্ষণ করা
(খ) বিনয়ী ভিক্ষুদের উন্নতি লাভ
(গ) সমাজ সংস্কার করা (ঘ) ধর্ম প্রচার করা

**৩৪. 'ইমং ভিক্খং সপরিক্খরাং ভিক্খু সঙ্ঘসস দেম পুজেম'– এই বাক্যটি দ্বারা কোন দান সম্পাদিত হয়ে থাকে?**
(ক) কঠিন চীবর দান (খ) অষ্ট পরিস্কার দান
(গ) সজ্ঞদান (ঘ) পিন্ড দান

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৫ ও ৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
ধর্ম জ্যোতি ভিক্ষু বরকলে গিয়ে একটি গাছের নিচে বুদ্ধের নির্দেশিত পথ অনুসরণ করছিলেন। সেখানে বিভিন্ন হিংস্র প্রাণীদের উৎপাত ছিল। কিন্তু কোন প্রাণীর ভয়ে ধর্ম জ্যোতি ভিক্ষুকে বিচলিত করতে পারল না। এক সময় বড় এক সর্প এসে তাঁকে ছোবল মারার চেষ্টা করলে তাতেও তিনি চোখ খুলেন নি।

**৩৫. ধর্ম জ্যোতি ভিক্ষু কোন সাধনায় রত ছিলেন?**
(ক) মৈত্রী (খ) ধ্যান
(গ) সমাধি (ঘ) ভাবনা

**৩৬. ধর্ম জ্যোতি ভিক্ষু উক্ত সাধনায় কী অভিজ্ঞতা অর্জন করবেন?**
(ক) সোপাদিসেস নির্বাণ (খ) পূর্ব জন্মের স্মৃতি
(গ) ব্যোধিসত্ত্ব জ্ঞান (ঘ) বুদ্ধ জ্ঞান

**৩৭. তোদেয্য পুত্রের নাম কী?**
(ক) দীর্ঘায়ু কুমার (খ) দেবদত্ত
(গ) অনাথ পিন্ডিক (ঘ) শুভমানব

**৩৮. জাতকের কাহিনীতে রয়েছে-**
i. কুসংস্কারে বিশ্বাসের কথা
ii. সামাজি রীতি-নীতির কথা
iii. জীব প্রেমের কথা
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩৯. চট্টগ্রাম বৌদ্ধ সমিতি কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?**
(ক) ১৮৯৪ (খ) ১৮৯৫
(গ) ১৮৯৬ (ঘ) ১৮৯৭

**৪০. পার্বত্য বৌদ্ধ সংঘের পত্রিকার নাম কী?**
(ক) মৈত্রীবাণী (খ) জ্যোতি
(গ) অনোসা (ঘ) কৃষ্টি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | খ |
| ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | খ |
| ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ক | | | | | | | | | | | | | | | | |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

# নির্বাচনি পরীক্ষা, ২০০৯

পূর্ণমান — ৬০

## বৌদ্ধধর্ম শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ৩ |

## সৃজনশীল প্রশ্ন

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক অংশ থেকে তিনটি প্রশ্নের উত্তর সহ মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দাও।]*

### ক বিভাগ

**১.** ▶সুজন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। সে কয়েকজন বন্ধু নিয়ে কক্সবাজার সমুদ্র সৈকত ভ্রমণে গেল। পরের দিন হিমছড়িতে গিয়ে চোরাবালিতে পড়ে তাকে প্রাণ দিতে হলো। সুজনের পরিবারের করুণ আর্তনাদ ও শোকাচ্ছন্ন অবস্থা দেখে বিপ্লবের মনে গভীর বৈরাগ্যের ভাব উদয় হলো। তাই বিপ্লব বিহারে গিয়ে এক শীলবান ভিক্ষুর নিকট প্রব্রজ্যা গ্রহণ করল এবং ভাবীবুদ্ধ হওয়ার দৃঢ় সংকল্প করল।

ক. 'পারমী' শব্দের অর্থ কী ? ১
খ. যেকোনো এক প্রকার বুদ্ধের ব্যাখ্যা করো। ২
গ. বুদ্ধের কোন উপদেশ বিপ্লবের জীবনে প্রতিফলিত হয়েছে – ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিপ্লবের সংকল্পটি প্রব্রজিত জীবনের সাথে তথাগত বুদ্ধের পার্থক্যের কারণ – বিশ্লেষণ করো। ৪

**২.** ▶সৌমিত্র একদিন বিহারাধ্যক্ষের নিকট গিয়ে পর্যায়ক্রমে ত্রিরত্ন ও ভিক্ষু বন্দনার পর প্রার্থনা করলেন – ওকাস, অহং ভন্তে তিসরনেনসহ পঞ্চসীলং ধম্মং যাচামি অনুগগহং কত্বা সীলং দেথ মে ভন্তে (৩ বার) কল্যাণবাবু অন্য একদিন বিহারাধক্ষের নিকট গিয়ে পর্যায়ক্রমে ত্রিরত্ন ও ভিক্ষু বন্দনার পর প্রার্থনা করলেন– ওকাস, অহং ভন্তে তিসরনেনসহ অট্ঠঙ্গ সমন্নাগতং উপোসথসীলং ধম্মং যাচামি অনুগগহং কত্বা সীলং দেথ মে ভন্তে। দুজনের প্রার্থনা অনুযায়ী ভান্তে শীল প্রদান করলেন।

ক. দশশীলের অপর নাম কী ? ১
খ. শীল গ্রহণের একটি পূর্বপ্রস্তুতি বর্ণনা করো। ২
গ. বিহারাধ্যক্ষ সৌমিত্র ও কল্যাণবাবুকে যে শীল প্রদান করলেন, উভয় শীলের পার্থক্য নিরূপণ করো। ৩
ঘ. অনুচ্ছেদে বর্ণিত ব্যক্তিদ্বয় শীল পালনের ফলে বুদ্ধের নির্দেশিত কী কী ফল লাভ করতে পারবে তা বিশ্লেষণ করো। ৪

**৩.** ▶গৃহিণী চন্দ্রিমা বাড়িতে একটি ধর্মীয় অনুষ্ঠান করবেন বলে স্থির করলেন। কুমিল্লার প্রজ্ঞাজ্যোতি স্থবিরসহ পাঁচজন ভিক্ষুকে নিমন্ত্রণ করলেন। বাড়ি এসে ভিক্ষু সংঘের প্রয়োজনীয় আটটি দ্রব্য সংগ্রহ করে আত্মীয়স্বজনসহ নির্দিষ্ট দিনে দান কাজ সম্পাদন করেন।

ক. দান কাকে বলে ? ১
খ. দান করতে হলে দাতার কোন তিনটি বিষয়ে সচেতন থাকতে হয় এবং কেন ? ২
গ. চন্দ্রিমার দানকে কী দান বলা হয় ? ব্যাখ্যা করো। ৩
ঘ. চন্দ্রিমার সম্পাদিত দানের বাইরে আরও অনেক প্রকার দান আছে– এ বক্তব্যের আলোকে তোমার মতামত ব্যক্ত করো। ৪

**৪.** ▶বরিশাল অঞ্চলের বরগুনা একটি সমৃদ্ধশালী জনপদ। সেখানে বিভিন্ন পেশার লোকদের মধ্যে অধিকাংশই কৃষক। তারা কৃষির ওপর নির্ভরশীল। এক সময় অনাবৃষ্টি ও খরার কারণে সমস্ত ফসলি মাঠ, খাল-বিল সবকিছু শুকিয়ে গিয়ে দুর্ভিক্ষ ও মহামারির প্রাদুর্ভাব দেখা দিল। এ দুরবস্থা নিরসনের জন্যে কয়েকজন ধার্মিক ও জ্ঞানী লোক এক অর্হৎ ভিক্ষুর শরণাপন্ন হন। ভিক্ষু তার শিষ্যদেরকে উক্ত এলাকায় গিয়ে ঘুরে ঘুরে সূত্র আবৃত্তি করার নির্দেশ দেন।

ক. সূত্র কী ? ১
খ. সাধারণত ভিক্ষুদের ভয় পাওয়ার কথা শুনে বুদ্ধ কী বলেছিলেন ? ২
গ. অনুচ্ছেদের আলোকে অর্হৎ ভিক্ষু তার শিষ্যদেরকে যে সূত্র আবৃত্তি করার নির্দেশ দিলেন তা বর্ণনা করো। ৩
ঘ. সূত্র আবৃত্তির ফলে জনপদের অবস্থার কী পরিবর্তন হতে পারে তা মূল্যায়ন করো। ৪

### খ বিভাগ

**৫.** ▶বিক্রমপুরে এক অত্যাচারী রাজা ছিলেন। রাজার সেনাপতিও তেমনি অত্যাচারী, হিংসাপরায়ণ ও কুচক্রী লোক ছিলেন। একদিন রাজমহিসীর স্বর্ণচুরির ঘটনাকে কেন্দ্র করে মিথ্যা অভিযোগে গরিব গৃহ দম্পতিকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করতে রাজা আদেশ দেন। সেনাপতি যথাযথ ব্যবস্থা নিলেন। গরিব গৃহ দম্পতির ছেলে রিপন রাজাকে হত্যার প্রতিশোধ নেয়ার সুযোগ পেলেও তা করল না। পক্ষান্তরে এক শুভ অদৃষ্ট ফলের প্রভাবে দু'জনের মধ্যে বন্ধুত্ব হয়।

ক. বৌদ্ধ ধর্মের মূল বাণী কী ? ১
খ. সংক্ষেপে কুশল কর্মের ফল বর্ণনা করো। ২
গ. রিপন বৌদ্ধ ধর্মের নীতি অবলম্বন করে পিতামাতার হত্যাকারীকে হাতের কাছে পেয়েও হত্যার প্রতিশোধ গ্রহণ করলো না। তুমি হলে কী করতে–যুক্তিসহ ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে নরহত্যা ও কুচক্রী লোকদের ইহ ও পরকালে কী ফল ভোগ করতে হয় ? মতামত দাও। ৪

**৬.** ▶সাধনানন্দ মহাস্থবির পঞ্চস্কন্ধ বিনাশ করে দুঃখ মুক্তির সাধনায় ব্রত রয়েছেন। তিনি তার প্রব্রজ্যা জীবনে বিনয়পিটকের নিয়মগুলো কঠোরভাবে পালন করেন এবং গভীর অনুশীলনের মাধ্যমে দুঃখ তৃষ্ণা ক্ষয় করে জগতে পরম শান্তি অনুভব করেন।

ক. 'নির্বাণ পুনর্জন্মের নিবর্তক'– উক্তিটি কার ? ১
খ. ভবচক্র বলতে কী বুঝায় ? ২
গ. সাধনানন্দ মহাস্থবিরের ধ্যান সমাধি দ্বারা প্রব্রজিত জীবনে যে অভিজ্ঞতা অর্জিত হয়েছে তা একজন বৌদ্ধ হিসেবে কতটুকু গুরুত্বপূর্ণ বলে তুমি মনে কর ? ৩
ঘ. সাধনানন্দ মহাস্থবির বুদ্ধের যে নীতি পালন করেন তা বিশ্লেষণ করো। ৪

**৭.** ▶নিলয় বাবু প্রতিষ্ঠিত আইনজীবী। তার আকাশ নামে এক বন্ধু ছিল। একদিন নিলয় বাবু সপরিবারে তীর্থ ভ্রমণে যান এবং তার বন্ধুকে বাড়ি দেখাশুনা করার জন্যে দায়িত্ব বুঝিয়ে দেন। ঐ রাতে একদল ডাকাত বাড়িতে লুট করতে আসছে তা বুঝতে পেরে আকাশ সুকৌশলে ডাকাতের হাত থেকে নিলয় বাবুর সম্পত্তি রক্ষা করলেন।

ক. বুদ্ধ কোন ভাষায় উপদেশ দিতেন ? ১
খ. বুদ্ধ কোন কাহিনির মাধ্যমে সমাজে শৃঙ্খলা আনার চেষ্টা করেছিলেন ? ব্যাখ্যা করো। ২
গ. আকাশের কর্মকাণ্ড থেকে তুমি কী শিক্ষা লাভ করতে পারবে তা যুক্তিসহকারে বুঝিয়ে লেখ। ৩
ঘ. আকাশের জীবনে বুদ্ধের যে উপদেশাবলি প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ করো। ৪

**৮.** ▶অলক এবং পুলক দুজন পরম বন্ধু ছিলেন। তারা বিত্তশালী পরিবারের সন্তান। একদিন নাটক দেখতে গিয়ে তাদের অন্তরে বৈরাগ্য ভাব উৎপন্ন হলো, তখন গুরুর সন্ধানে বের হলেন। কিছুদিন পর প্রকৃত গুরুর সন্ধান পেয়ে তার কাছে প্রব্রজ্যা গ্রহণ করেন। এরপর ধ্যান সাধনা করে অচিরেই মুক্তি মার্গ দর্শন করেন এবং বৌদ্ধ ধর্মে দুই দিকপাল ভিক্ষু হিসেবে অশেষ অবদান রাখেন।

ক. থের অর্থ কী ? ১
খ. ক্ষেমা কোন বুদ্ধের সময় জন্মেছিলেন ? ব্যাখ্যা করো। ২
গ. বৌদ্ধ ধর্মে অলক ও পুলকের অবদান ছিল অপরিসীম–তাতে তুমি কী একমত ? যুক্তি দেখাও। ৩
ঘ. অলক ও পুলকের মধ্যে বুদ্ধের কোন দুই দিকপালের চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে মিল রয়েছে বর্ণনা দাও। ৪

**৯.** ▶অনামিকা পেশায় শিক্ষিকা। তিনি গত গ্রীষ্মের ছুটিতে ভারতের উত্তর প্রদেশে ভ্রমণে যান। যে স্থানে তিনি পৌছলেন সে স্থানটি গৌতম বুদ্ধের স্মৃতি বিজড়িত। সেখানে তিনি ২২ হাত লম্বা শায়িত বুদ্ধের মূর্তি দেখতে পান এবং পার্শ্ববর্তী অন্য তীর্থস্থানও দর্শন করেন।

ক. মহাতীর্থ কয়টি ? ১
খ. শ্রাবস্তীতে বিশাখার নির্মিত বিহারটির বর্ণনা দাও। ২
গ. তীর্থস্থান দর্শন করে অনামিকা যে অভিজ্ঞতা অর্জন করেছিলেন তা বর্ণনা করো। ৩
ঘ. তীর্থস্থান দর্শন করে অনামিকার জীবনে কী প্রভাব প্রতিফলিত হতে পারে তা মূল্যায়ন করো। ৪

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ১ ৩

**সময়-৪০ মিনিট পূর্ণমান-৪০**

*বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।*

**১. গোপাদেবীর পিতার নাম–**
ক শুক্লোদন খ ধৌতদন
গ অমিতোদন ঘ সুপ্রবুদ্ধ

**২. বিনয়ধর ছিলেন–**
ক সীবলী খ আনন্দ
গ উপালি ঘ দেবদত্ত

**৩. অভিধম্ম পিটকের অন্তর্গত ষষ্ঠ গ্রন্থ কোনটি ?**
ক যমক খ কথাবত্থু
গ ধাতুকথা ঘ বিভজ্ঞ

**৪. অষ্টশীল প্রার্থনা করতে হয় –**
ক দুই বার খ তিন বার
গ চার বার ঘ পাঁচ বার

**৫. গৌতম বুদ্ধ একষট্টি জন ভিক্ষুকে চারদিকে প্রেরণ করেছিলেন কী করতে ?**
ক ধ্যান-সাধনা খ শিক্ষা গ্রহণ
গ ধর্ম প্রচার ঘ পিন্ড সংগ্রহ

**৬. কবি অশ্বঘোষ নির্বাণের সংজ্ঞা দিয়েছেন –**
ক নির্বাণ বিশুদ্ধ জ্ঞানের চরম পরিণতি
খ সর্বত্যাগ করাই হলো নির্বাণ
গ ভব সন্ততির উচ্ছেদই হলো নির্বাণ
ঘ নির্বাণ পুনর্জন্মের নির্বাতক

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
বিক্রম বড়ুয়া একজন কৃষিজীবী। কৃষি কাজ করে যা ফসল উৎপাদন করেন তা দিয়ে পরিবারের ভরণপোষণ করতেন। একদিন ভিক্ষুসজ্ঞ পিন্ডাচরণ করার উদ্দেশ্যে তার বাড়ির সামনে আসলে তখনি নিজের খাবারের অংশ ভিক্ষুসজ্ঞের পিন্ডপাত্রে আগ্রহের সহিত দান করেন।

**৭. অনুচ্ছেদের আলোকে বিক্রম বড়ুয়া হলেন –**
ক দানবীর খ দানপতি
গ দান সহায় ঘ দানদাস

**৮. পিন্ডদানের ফলে তার লাভ হবে–**
ক আয়ু, বর্ণ, সুখ খ ধ্যান, সমাধি, প্রজ্ঞা
গ আয়ু, বল, সমাধি ঘ জ্ঞান, বল, মৈত্রী

**৯. দীর্ঘায়ু কুমারের একটি কাহিনি আছে –**
ক ত্রিপিটকে খ নাটকে
গ অর্টঠকথায় ঘ জাতকে

**১০. ১৯৫৪-৫৬ সালে ষষ্ঠ সংগীতি কোথায় অনুষ্ঠিত হয় ?**
ক নেপালে খ জাভায়
গ ভুটানে ঘ বার্মায়

**১১. বিহারে ক্ষেমার আগমন দেখে বুদ্ধের অলৌকিক অপ্সরা সৃষ্টির কারণ হলো ক্ষেমার–**
ক অহংকার দূর করার জন্যে
খ অভিমান দূর করার জন্যে
গ হীনভাব দূর করার জন্যে
ঘ ধর্মের প্রতি আকৃষ্ট করানোর জন্যে

**১২. বৌদ্ধ ধর্মের প্রসার ঘটে –**
ক আর্য যুগে খ পাল যুগে
গ মৌর্য যুগে ঘ গুপ্ত যুগে

**১৩. জ্ঞাতি, গোত্র এবং বংশের চেয়ে বড়–**
ক ধর্ম খ জ্ঞান
গ চরিত্র ঘ হৃদয়

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নংপ্রশ্নের উত্তর দাও :**
আদিত্য বড়ুয়া একজন উপাসক। তিনি দান করার জন্যে একখানা সংঘাটি ক্রয় করেন। এ দান বছরের নির্দিষ্ট সময়ে একটি বিহারে একবার মাত্র অনুষ্ঠিত হয়।

**১৪. আদিত্য বড়ুয়া কোন দানের জন্যে সংঘাটি ক্রয় করেন ?**
ক কঠিন চীবর খ অষ্ট পরিষ্কার
গ পুদগলিক ঘ সংঘদান

**১৫. তিনি উক্ত দানের মাধ্যমে ইহ ও পরজন্মে কী সুফল পেতে পারেন ?**
i. দেব সুখ ii. ব্রহ্ম সুখ
iii. নির্বাণ সুখ
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৬. 'বরদো' শব্দের অর্থ –**
ক দানদাতা খ শান্তিদাতা
গ মুক্তিদাতা ঘ কর্মদাতা

**১৭. সকল দুঃখের অন্তসাধন হচ্ছে –**
ক নির্বাণ খ. স্বর্গ গ সুখ ঘ ভাবনা

**১৮. "ধর্ম সেনাপতি" হলেন–**
ক সীবলী খ মৌদগল্যায়ন
গ সারিপুত্র ঘ উপালি

**১৯. বুদ্ধ দত্তের জন্ম কোথায় ?**
ক দক্ষিণ ভারতে খ দক্ষিণবঙ্গো
গ দক্ষিণ ত্রিপুরায় ঘ দক্ষিণ কলকাতায়

**২০. কুশীনগর ভারতের কোন প্রদেশে অবস্থিত ?**
ক মধ্য প্রদেশ খ বিহার
গ মহারাষ্ট্র ঘ উত্তর প্রদেশ

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
সঞ্জয় সিংহ জগতের অনিত্যতা বুঝতে পেরে সংসার ত্যাগ করেন। এরপর শীল আচরণ, ধ্যান, সাধনা করে ত্রিশ বছর বয়সে আসক্তি ক্ষয় করেন। সারাজীবন বিমুক্তি সুখ উপলব্ধি করে নব্বই বছর বয়সে পরিনিব্বাণ লাভ করেন।

**২১. সঞ্জয় সিংহের নব্বই বছরের নির্বাণ লাভকে কী নির্বাণ বলা হয় ?**
ক সোপাদিসেস খ অনুপাদিসেস
গ বিপাদিসেস ঘ নিরোপাধিসেস

**২২. তার নির্বাণ লাভে ধ্বংস হবে –**
i. আসক্তি ii. সুনাম-খ্যাতি
iii. জন্ম-মৃত্যু
**নিচের কোনটি সঠিক ?**
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i ও iii

**২৩. বিক্রমশীলা বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষকে বলা হতো–**
ক বজ্রাচার্য খ ব্রহ্মাচার্য
গ আচার্য ঘ দীপাচার্য

**২৪. পার্বত্য বৌদ্ধ সংঘের পত্রিকার নাম হলো –**
ক অনোমা খ জ্যোতি
গ মৈত্রী বাণী ঘ কৃষ্টি

**২৫. বৌদ্ধ ধর্মের দার্শনিক বিচার বিশ্লেষণ করা হয়েছে –**
ক ত্রিপিটক খ অভিধম্ম পিটকে
গ সুত্ত টিপকে ঘ বিনয় পিটকে

**২৬. ক্ষেমার অর্হৎ হওয়ার কারণ –**
i. অতীত জন্মের অগ্নি পূজার প্রভাব
ii. জন্ম জন্মান্তরের শীল পালন
iii. বহু জন্মের সাধনার প্রভাব
**নিচের কোনটি সঠিক ?**
ক i খ ii
গ i ও ii ঘ ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৭ ও ২৮ নংপ্রশ্নের উত্তর দাও :**
কল্যাণশ্রী ভিক্ষু বাংলাদেশ থেকে ভারতের একটি প্রদেশে গিয়ে তিনজন বিশিষ্ট ব্যক্তির ঐকান্তিক ইচ্ছায় গৌতম বুদ্ধের আমলে নির্মিত তিনটি বিহার দেখতে পান। সে বিহারগুলোর সাথে গৌতম বুদ্ধের নিবিড় সম্পর্ক ছিল।

**২৭. কল্যাণশ্রী ভিক্ষু ভ্রমণে গিয়ে যে তিনজন বিহার নির্মাতার নাম জানতে পারেন তারা হলেন–**
ক প্রসেনজিৎ, মল্লিকাদেবী, মৌদগল্যায়ন
খ অনাথপিন্ডদ, মল্লিকাদেবী, সম্রাট অশোক
গ অনাথপিন্ডদ, বিশাখা, প্রসেনজিৎ
ঘ সারিপুত্র, রাজকুমারজেত, বিশাখা

**২৮. কল্যাণশ্রী ভিক্ষুর ভারত ভ্রমণের উদ্দেশ্য –**
ক তীর্থস্থান দর্শন করা
খ গবেষণাধর্মী কাজ করা
গ সংগীতিতে যোগ দেওয়া
ঘ বিদেশ সফর করা

**২৯. গৌতম বুদ্ধত্ব লাভের পর চতুর্থ সপ্তাহে রত্ন ঘরে বসে অনুভব করেন–**
ক ভোগ সুখ খ বিমুক্তি সুখ
গ মনুষ্য সুখ ঘ স্বর্গ সুখ

**৩০. পারমী কয় প্রকার ?**
ক ৭ খ ৮
গ ৯ ঘ ১০

**৩১. মৈত্রী ভাবনা করার সময় প্রয়োজন –**
ক চোখ বন্ধ রাখা খ শরীর পবিত্র রাখা
গ মন পবিত্র রাখা ঘ আসন ঠিক রাখা

**৩২. ভিক্ষু সংঘের সঙ্ঘাদিসেস আপত্তি কয়টি ?**
ক ১৩ খ ১৪
গ ১৫ ঘ ১৬

**নিচের অনুচ্ছেদের আলোকে ৩৩ এবং ৩৪ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রজ্ঞাজ্যোতি স্থবির কুমিল্লার মজলিশপুর বিহারে বাস করেন। তিনি মহিপাল সিংহের প্রার্থনার প্রেক্ষিতে প্রাণী হত্যা, চুরি, মিথ্যা কথা, নেশাদ্রব্য পান ইত্যাদি কর্মের কারণে কী ফল ভোগ করতে হয় তা ব্যাখ্যা করেন।

**৩৩. অনুচ্ছেদে উল্লেখিত উক্ত কর্মের কথাগুলো কোন সূত্রে ?**
ক করণীয় মৈত্রী খ চুল্লকর্ম বিভজ্ঞ
গ রতন সূত্রে ঘ সিঙ্গালবাদ

**৩৪. প্রজ্ঞাজ্যোতি স্থবিরের দেশিত কথাগুলো হলো–**
ক থের-থেরীদের বাণী খ দেবপুত্রের বাণী
গ পরিব্রাজকের বাণী ঘ বুদ্ধের বাণী

**৩৫. বুদ্ধের নির্দেশে কে কঠিন চীবর দানের ফল ব্যাখ্যা করলেন ?**
ক সারিপুত্র স্থবির খ আনন্দ স্থবির
গ সুভদ্র স্থবির ঘ নাগিত স্থবির

**৩৬. পঞ্চ ভাবনা হলো–**
ক মৈত্রী, করুণা, মুদিতা, উপেক্ষা, অশুভ
খ মৈত্রী, করুণা, মুদিতা, শমথ
গ মৈত্রী করুণা, মুদিতা, বিদর্শন
ঘ মৈত্রী, করুণা, মুদিতা, কায়ানুস্মৃতি

**৩৭. 'বোধিসত্ত্বগণ নিজের জীবনের বিনিময়েও রাগদ্বেষহীন থাকেন"– তা কোন জাতকের উপদেশ ?**
ক শীল মীমাংসা খ ক্ষান্তিবাদী
গ কালকর্ণী ঘ গৃধ্র

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৮ ও ৩৯ নংপ্রশ্নের উত্তর দাও :**
বরইগাঁও কনকচৈত্য বিহারে সম্যক জ্ঞানলাভী বিহারাধ্যক্ষ ভান্তের মৃত্যুতে অন্যান্য ভিক্ষুরা কান্নাকাটি করলে বোধিপাল ভিক্ষু বলেন, "আপনারা কান্নাকাটি করবেন না। তিনি জীবিত অবস্থায় আমাদের যাবতীয় বিনয়নীতি মানতে হত। এখন ইচ্ছামত চলতে পারবো।" বোধিপাল ভিক্ষুর এ মন্তব্য শুনে ধর্মশ্রী মহা-স্থবিরের নেতৃত্বে একটি সম্মেলন আহবান করেন।

**৩৮. বোধিপাল ভিক্ষুর এরূপ আচরণ প্রকাশ পায়–**
ক স্বেচ্ছাচারিতা খ হীনম্মন্যতা
গ বিনয় লঙ্ঘন ঘ অবাধ্যতা

**৩৯. বোধিপাল ভিক্ষুর এ আচরণ পরিবর্তনের জন্যে করণীয় –**
i. বুদ্ধের নিয়মনীতি রক্ষা করা
ii. বিনয় বিধান মেনে চলা
iii. ধর্মীয় অনুষ্ঠানের প্রাধান্য দেওয়া
**নিচের কোনটি সঠিক ?**
ক i খ. ii গ i ও ii ঘ ii ও iii

**৪০. অশ্বমূর্তি সিদ্ধার্থের ত্যাগের প্রতীক তা আমরা জানতে পারি–**
ক হিউয়েন সাঙ-এর ভ্রমণ কাহিনি পড়ে
খ ফুলারের আবিষ্কার থেকে
গ রুম্মিনদের ইতিহাস পড়ে
ঘ প্রাচীন সভ্যতার ভগ্নাবশেষ থেকে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | খ |
| ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ক |
| ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | ঘ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | ক | | | | | | | | | | | | | | | | |